2.2.3 تصح الهبة با.....

2.4 সঠিক উত্তরের উপর (✓) চিহ্ন দাও।

2.4.1 اركان الحج তিনটি ☐

2.4.2 ইমাম আবু হানীফার মতে ইফরাদ হজ্জ উত্তম ☐।

3. দুটি বা তিনটি বাক্যে উত্তর দাও। (যে কোনো চারটি) $2 \times 4 = 8$

3.1 রোজার কাফফারা এবং কাজা একই সাথে কখন ওয়াজিব হয়?

3.2 রোজার মাসে মুসাফির কী করবে?

3.3 ইতিকাফকারী মসজিদের বাইরে কখন যেতে পারবে?

3.4 ভারতের মীকাতের নাম কী?

3.5 হজ কতপ্রকার কী কী?

4. পাঁচটি অথবা ছয়টি বাক্যে উত্তর দাও। (যে কোনো দুটি) $3 \times 2 = 6$

4.1 طواف বলতে কী বোঝো? طواف কুদুম ও طواف و داع কী?

4.2 হজ্ব কয়প্রকার? কী কী?

4.3 মীকাত কাকে বলে? মীকাতগুলির পরিচয় দাও।

5. নয় বা দশটি বাক্যে উত্তর দাও। (যে কোনো দুটি) $5 \times 2 = 10$

5.1 ومن كان مريضافى رمضان ان صام ازاد مرضه ইবারাতটির বিস্তারিত ব্যাখ্যা করো।

5.2 শরীয়তের পরিভাষায় وقف কী? وقف مشا সম্বন্ধে হানাফী ওলামাদের মতামত লেখো।

5.3 হজ্জ আদায় করার পদ্ধতি নিজের ভাষায় লেখো।

Subject : Fiqh

Time : 3 Hours 15 Minutes **F.M. - 40**

1. **সঠিক উত্তর নির্বাচন করো।** $1 \times 8 = 8$

1.1 ইতিকাফ শব্দের অর্থ —

(i) চুপ থাকা (ii) দূরে থাকা

(iii) না খেয়ে থাকা (iv) আবদ্ধ থাকা

1.2 (الصوم) শব্দের শব্দগত অর্থ —

(i) নামাজ (ii) ঘুমানো

(iii) চলন্ত (iv) বিরত

1.3 (وقوف عرفه) হজ্জের মধ্যে খুতবা দিতে হয় —

(i) দুটি (ii) তিনটি

(iii) চারটি (iv) পাঁচটি

1.4 হজ্জে ইফরাদ উত্তম —

(i) হানাফী (ii) শাফেয়ী

(iii) মালেকী (iv) হাম্বলীদের নিকট

1.5 (وقف) —

(i) ফরজ (ii) ওয়াজিব

(iii) সুন্নাত (iv) নফল

1.6 রোজা —

(i) দুই প্রকার (ii) তিন প্রকার

(iii) চার প্রকার (iv) পাঁচ প্রকার

1.7 হাদী হল —

(i) দুই প্রকার (ii) তিন প্রকার

(iii) চার প্রকার (iv) পাঁচ প্রকার

1.8 ভারতীয়দের মীকাত —

(i) ইয়ালামলাম (ii) জুহফা

(iii) করন (iv) জাতে ইরাক

2. প্রতিটি উপ বিভাগ থেকে একটি করে প্রশ্নের উত্তর সহ মোট আটটি প্রশ্নের উত্তর দাও। $1 \times 8 = 8$

2.1 একটি বাক্যে উত্তর দাও।

2.1 মীকাত শব্দের অর্থ কী?

2.2 طواف قدوم শব্দের শরয়ী অর্থ লেখো।

2.3 হিবা কীসের দ্বারা সংঘটিত হয়?

2.4 ইহরাম কাকে বলে?

2.5 হিবা কীসের দ্বারা সংঘটিত হয়?

2.2. 'ক' স্তম্ভ 'খ' স্তম্ভের সাথে মেলাও —

'ক' স্তম্ভ	'খ' স্তম্ভ
2.2.1 কুরবানির পশু	(i) রমজানের শেষ দশদিন
2.2.2 হিবা	(ii) হাদী
2.2.3 ইতিকাফ	(iii) স্বেচ্ছায় দান করা।

2.3 শূন্যস্থান পূরণ করো :-

2.3.1 নজদবাসীদের মীকাত হল _____।

2.3.2 হিবা সহীহ হয় _____ দ্বারা।

2.4 সঠিক হলে (✓) এবং ভুল হলে (✗) চিহ্ন দাও :

2.4.1 কুরবানীর পশুকে হিবা বলে ☐

2.4.2 طواف قدوم সুন্নাত ☐

3. দুটি অথবা তিনটি বাক্যে উত্তর দাও : (যে কোনো চারটি) $2 \times 4 = 8$

3.1 মীকাত কাকে বলে?

3.2 হিবার শর্ত কয়টি ও কী কী?

3.3 وقف এর সংজ্ঞা লেখো।

3.4 হজ্জ কয় প্রকার কি কি? হানাফীদের নিকট কোন হজ্জ উত্তম?

3.5 কোন কোন শব্দ দ্বারা হিবা সংঘটিত হয়?

4. পাঁচ অথবা ছয়টি বাক্যে উত্তর দাও। (যে কোনো দুটি) $3 \times 2 = 6$

4.1 হিবা, সদকা ও হাদিয়ার মধ্যে পার্থক্য নির্দেশ করো।

4.2 রেস্তা, কয় প্রকার? কী কী?

4.3 اعتكاف কাকে বলে? কয় প্রকার কী কী? প্রত্যেকটির হুকুম লেখো।

5. নয় অথবা দশটি বাক্যে উত্তর দাও। (যে কোনো দুটি) $5 \times 2 = 10$

5.1 হজ্জ শব্দের আভিধানিক ও পারিভাষিক অর্থ লেখো। হজ্জ কাদের উপর ফরজ? সঠিক সময়ে হজ্জ না করতে পারলে কি হুকুম হবে?

5.2 لايزول ملك الواقف عن الوقف عندابى حنيفة عليه الرحمة ইবারাতটির পূর্ণাঙ্গ ব্যাখ্যা করো।

5.3 (عُمْرِى) ও (رُقبى) কাকে বলে? এই বিষয়ে প্রয়োজনীয় আলোচনা করো।

Subject : Fiqh

Time : 3 Hours 15 Minutes **F.M. - 40**

1. **সঠিক উত্তরের উপর (✔) চিহ্ন দাও।** $1 \times 8 = 8$

1.1 আহনাফদের নিকট উত্তম হজ্জ হল —

(i) ক্বেরান (ii) ইফরাদ

(iii) তামাত্তু (iv) কোনোটাই নয়

1.2 সত্তম হল —

(i) ৩ প্রকার (ii) ৪ প্রকার

(iii) ৫ প্রকার (iv) ২ প্রকার

1.3 ইহরাম বাঁধার পূর্বে গোসল করা —

(i) ফরজ (ii) ওয়াজিব

(iii) সুন্নাত (iv) মুস্তাহাব

1.4 হেবার রুকন হল —

(i) ২টি (ii) ৩টি

(iii) ৪টি (iv) ৫টি

1.5 মুজদালিফায় অবস্থান করো —

(i) ফরজ (ii) ওয়াজিব

(iii) সুন্নাত (iv) মুস্তাহাব

1.6 মুহরিম ব্যক্তির জন্য শিকার করা —

(i) মাকরুহ (ii) হারাম

(iii) জায়েজ (iv) নফল

1.7 وَاهِب বলা হয় —

(i) ক্রেতাকে (ii) দানকারীকে

(iii) গ্রহীতাকে (iv) কোনোটিই হয়

1.8 তালবিয়াহ শব্দের অর্থ হল —

(i) চলে যাওয়া (ii) হাজির হওয়া

(iii) অনুপস্থিত থাকা (iv) সবকটি ঠিক

2. প্রতিটি উপবিভাগ থেকে একটি করে উত্তরসহ মোট আটটি প্রশ্নের উত্তর দাও। $1 \times 8 = 8$

2.1 মীকাত শব্দের অর্থ কী?

2.2 কিরান হজ্জ কোন ইমামের নিকট উত্তম?

2.3 وقف শব্দের অর্থ কী?

2.4 হিবার পরিপূর্ণতা কীসের দ্বারা হয়?

2.2. 'ক' এবং 'খ' স্তম্ভের মধ্যে মিল করো —

ক	খ
2.2.1 রোজা	(i) ১০ ই জিলহজ
2.2.2 يَوْمُ النحر	(ii) মসজিদে অবস্থান করা
2.2.3 اِعتكاف	(iii) বিরত থাকা
2.2.4 ইয়ালামলাম	(iv) ভারতীয়দের মীকাত

2.3 শূন্যস্থান পূরণ করো।

2.3.1 মহিলাদের হজের জন্য একজন _____ থাকা আবশ্যক।

2.3.2 মদীনাবাসীদের মীকাত _____।

2.4 সঠিক হলে (✓) এবং ভুল হলে (✗) চিহ্ন দাও।

2.4.1 হজ্জ হল তিন প্রকার ☐

2.4.2 হিবা করে প্রতিদান নেওয়া যায় ☐

3. দুটি অথবা তিনটি বাক্যে উত্তর দাও। (যে কোনো চারটি) $2 \times 4 = 8$

3.1 কোন কোন শব্দের দ্বারা হিবা সংঘটিত হয়?

3.2 হজ্জের শর্তগুলি লেখো।

3.3 মদীনা ও ইরাকবাসীদের মীকাত কী কী?

3.4 হিবার রুকনগুলি কী কী?

3.5 তালবিয়াটি আরবীতে লেখো।

4. ৫-৬টি বাক্যে উত্তর দাও (যে কোনো দুটি) : $3 \times 2 = 6$

4.1 هبه -র শরয়ী সংজ্ঞা দাও। এর রুকন ও শর্তগুলি লেখো।

4.2 রোজা ভঙ্গের কারণগুলি লেখো।

4.3 ইহরাম পরিধান করার নিয়মগুলি লেখো।

5. নয় বা দশটি বাক্যে উত্তর দাও। (যে কোনো দুটি) $5 \times 2 = 10$

5.1 وإنَّ بنيٰ مسجدا گم يزل ملكه عنه حتى يقرزى عن ملكه - ইবারাতটির সম্পূর্ণ ব্যাখ্যা করো।

5.2 اِحْصَار এর আভিধানিক এবং শরয়ী সংজ্ঞা দাও। এর হালাল হওয়ার পদ্ধতি বর্ণনা করো।

5.3 طواف صدور কী? এর অপর নাম কী এবং কখন করতে হয়?

Sub – Fiqh

Time : 3 Hours 15 Minutes **F.M. - 40**

1. **সঠিক উত্তরের উপর (✓) চিহ্ন দাও :** $1 \times 8 = 8$

1.1 الهبة পূর্ণতা লাভ করে —

(i) প্রস্তাবের মাধ্যমে (ii) গ্রহণের মাধ্যমে

(iii) প্রস্তাব ও গ্রহণের মাধ্যমে (iv) ফিরিয়ে দেওয়ার মাধ্যমে।

1.2 حج শব্দের আভিধানিক অর্থ —

(i) বেড়ানো (ii) ঘুরে আসা

(iii) সফর করা (iv) ইচ্ছা করা

1.3 রমজান মাসের রোজা —

(i) ফরজ (ii) সুন্নাত

(iii) মুস্তাহাব (iv) সবকটিই ঠিক

1.4 রমজানের শেষ দশদিন ইতিকাফ করা —

(i) ফরজ (ii) ওয়াজিব

(iii) সুন্নাতে মুয়াক্কাদা কিফায়া (iv) নফল

1.5 اعتكاف—

(i) দুই প্রকার (ii) তিন প্রকার

(iii) চার প্রকার (iv) পাঁচ প্রকার

1.6 ভারতবর্ষের মীকাত হল —

(i) জুহফা (ii) যুল হুলাইফা

(iii) ইয়ালামলাম (iv) করন

1.7 আরাফাতে অবস্থান করা —

(i) ফরজ (ii) ওয়াজিব

(iii) সুন্নাত (iv) নফল

1.8 জামারাত অবস্থিত —

(i) মীনায় (ii) তায়েফে

(iii) মুজদালিফায় (iv) মদীনায়

2. প্রতিটি উপবিভাগ থেকে একটি করে প্রশ্নের উত্তর সহ মোট আটটি প্রশ্নের উত্তর দাও। $1 \times 8 = 8$

2.1 এক বাক্যে উত্তর দাও।

2.1.1 يَوم الشك বলতে কোন দিনকে বোঝানো হয়েছে?

2.1.2 রমজানের শেষ দশদিনের সুন্নাত ইতিকাফ কোথায় করতে হয়?

2.1.3 হিবা কীসের মাধ্যমে সংঘটিত হয়?

2.1.4 حج কয় প্রকার?

2.2 'ক' স্তম্ভের সাথে 'খ' স্তম্ভের সাথে সঠিকভাবে মেলাও।

ক	খ
2.2.1 হজ্জ	(i) অবস্থান করা
2.2.2 রোজা	(ii) ইচ্ছা করা
2.2.3 اعتكاف	(iii) বিরত থাকা

2.3 শূন্যস্থান পূরণ করো।

2.3.1 বণ্টনযোগ্য বস্তু ওয়াকফ করা জায়েজ _____ মতে।

2.3.2 হিবা শব্দের অর্থ _____।

2.3.3 طواف قدوم নেই _____ বাসীদের জন্য।

2.4. সঠিক উত্তরে (✓) এবং এবং ভুল উত্তরে (✗) চিহ্ন দাও।

2.4.1 ইহরাম অবস্থায় শিকার করা অবৈধ। ☐

2.4.2 ভারতীয়দের মীকাত হল যুহফ। ☐

2.4.3 أَرْكَان الحج হল তিনটি। ☐

3. দুটি অথবা তিনটি বাক্যে উত্তর দাও। (যে কোনো চারটি) $2 \times 4 = 8$

3.1 কোন কোন শব্দ দ্বারা হিবা সংঘটিত হয়?

3.2 রোজার কাফফারাহ কয়টি ও কী কী?

3.3 মীকাত কাকে বলে?

3.4 ইমাম আবূ হানীফার নিকট উত্তম হজ্জ কোনটি?

3.5 ইহরাম কী?

3.6 حج কত প্রকার? কী কী?

4. পাঁচ অথবা ছয়টি বাক্যে উত্তর দাও। (যে-কোনো দুটি) $3 \times 2 = 6$

4.1 طَوَاف কাকে বলে? ইহা কয় প্রকার কী কী?

4.2 রোজার নিষিদ্ধ দিনগুলি লেখো।

4.3 হিবা, হাদিয়া ও সদকার মধ্যে পার্থক্য লেখো।

4.4 ميلين الاخضرين বলতে কী বোঝো? তা কোথায়? সেখানে কী করতে হয়?

5. নয় অথবা দশটি বাক্যে উত্তর দাও। (যে কোনো দুটি) $5 \times 2 = 10$

5.1 حج কাকে বলে? কত প্রকার কী কী?

5.2 ومن كان مريضافى رمضان ইবারাতটির বিস্তারিত ব্যাখ্যা করো।

5.3 জামরাত বলতে কী বোঝো? এর সংখ্যা সহ বিস্তারিত বর্ণনা দাও।

Subject : Fiqh

Time : 3 Hours 15 Minutes **F.M. - 40**

1. **সঠিক উত্তরের উপর (✓)) চিহ্ন দাও :** $1 \times 8 = 8$

1.1 রমজান মাসের রোজা —

(i) ফরজ (ii) সুন্নাত

(iii) ওয়াজিব (iv) নফল

1.2 حج শব্দের আভিধানিক অর্থ —

(i) নৈকট্য (ii) ইচ্ছা করা

(iii) বেড়ানো (iv) ত্যাগ করা

1.3 রমজান এর শেষ দশদিন ইতিকাফ করা —

(i) ফরজ (ii) সুন্নাত

(iii) সুন্নাতে মুআক্কাদাহ কিকায়া (iv) ওয়াজিব

1.4 ই'তিকাফ —

(i) দুই প্রকার (ii) তিন প্রকার

(iii) চার প্রকার (iv) সবকটি ঠিক

1.5 اَلْهِبَةُ শব্দের অর্থ —

(i) দান করা (ii) বিলিয়ে দেওয়া

(iii) বিক্রি করা (iv) ফিরিয়ে নেওয়া

1.6 মীকাত শব্দের অর্থ —

(i) ইহরাম (ii) ইহরাম বাঁধার স্থান

(iii) কুরবানী (iv) তওয়াফ

1.7 সাফা ও মারওয়া সায়ী করা —

(i) ফরজ (ii) ওয়াজিব

(iii) সুন্নাত (iv) মুস্তাহাব

1.8 صَوْم প্রধানত —

(i) দুই প্রকার (ii) তিন প্রকার

(iii) চার প্রকার (iv) পাঁচ প্রকার

2. প্রতিটি উপবিভাগ থেকে কমপক্ষে একটি করে মোট ৮টি প্রশ্নের উত্তর দাও : $1 \times 8 = 8$

2.1.1 ভারতীয়দের মীকাত কী?

2.1.2 ইতিকাফ শব্দের আভিধানিক অর্থ লেখো।

2.1.3 হজ্জ কত প্রকার?

2.2 'ক' স্তম্ভ এবং 'খ' স্তম্ভের সাথে মিলিয়ে লেখো।

'ক' স্তম্ভ	'খ' স্তম্ভ
2.2.1 শবে কদর	(i) মিনায়
2.2.2 জামারাত অবস্থিত	(ii) রোজার শেষ দশদিন
2.2.3 রোজা	(iii) শাবান মাসের ১৫ তারিখ
	(iv) বিরত থাকা

2.3 শূন্যস্থান পূরণ করো :-

2.3.1 মদীনাবাসীদের মীকাত _____।

2.3.2 হিবা শব্দের অর্থ _____।

2.3.1 মীকাত শব্দের অর্থ_____।

2.4 সঠিক হলে (✓) এবং ভুল হলে (✕) চিহ্ন দাও :

2.4.1 হজ্জ হল তিন প্রকার ☐

2.4.2 রমজানের শেষের ইতিকাফ হল নফল ☐

2.4.3 অকফ তিন প্রকার ☐

3. দুটি অথবা তিনটি বাক্যে উত্তর দাও : (যে-কোনো চারটি) $2 \times 4 = 8$

3.1 হজ্জ কত প্রকার কী কী?

3.2 ইহরাম কাকে বলে? কখন ইহরাম পড়তে হয়?

3.3 ইতিকাফের ন্যূনতম সময়সীমা কত?

3.4 اَلشيخُ الْفَانِىُ কাকে বলে? এরূপ ব্যক্তির রোজা রাখার হুকুম কী?

3.5 রোজ কয় প্রকার, কী কী?

4. নীচের প্রশ্নগুলির মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও । $3 \times 2 = 6$

4.1 ইহরাম বাঁধা অবস্থায় নিষিদ্ধ কাজগুলি কী কী?

4.2 حج قران কী? এর করণীয়গুলি কী কী?

4.3 هَبة পরিচয় দাও। এর রুকন ও শর্তগুলি লেখো।

5. নীচের প্রশ্নগুলির নয় বা দশটি বাক্যে উত্তর দাও। (যে-কোনো দুটি) $5 \times 2 = 10$

5.1 مُرفع ও حامل এর রোজা সম্পর্কে যা জানো লেখো।

5.2 وإنْ بنىٰ مسجدا لم يزل ملكه عنه حتى يقرزة عن ملكه -ইবারাত টির ব্যাখ্যা করো।

5.3 শায়খে ফনী সম্পর্কে শরীয়তের বিধান আলোনা করো।

Sub – Fiqh

Time : 2 Hours 15 Minutes **F.M. - 40**

1. **সঠিক উত্তরের উপর (✓) চিহ্ন দাও :** $1 \times 8 = 8$

1. صحیح جواب پر (✓) نشان لگاؤ:

1.1 রমমানের সাত্তম-এর নিয়ত ভোর পর্যন্ত না করলে —

(i) দ্বি-প্রহরের পূর্বে পর্যন্ত নিয়ত যতেষ্ট হবে (ii) দ্বি-প্রহরের পরে পর্যন্ত যতেষ্ট হবে। ওয়াজিব

(iii) দ্বি-প্রহরের সময় পর্যন্ত নিয়ত যতেষ্ট হবে, (iv) কোনোটিই সঠিক নয়, মুস্তাহাব

1.2 ইতিকাফ করা —

(i) ওয়াজিব (ii) সুন্নতে মুয়াক্কাদায়ে - কেফায়া

(iii) মুস্তাহাব (iv) সুন্নতে গায়ের মুয়াক্কাদা

1.2 اعتکاف کرنا۔

(i) واجب (ii) سنت مؤکدہ کفایہ

(iii) مستحب ہے (iv) سنت غیر موکدہ

1.3 হজ্ব-ফরজ হয় —

(i) ৯ হিজরীতে (ii) ৬ অথবা ৯ হিজরীতে

(iii) ১০ হিজরীতে (iv) ৫ হিজরীতে

1.3 حج فرض ہوا تھا۔

(i) ۹ ہجری میں (ii) ۷ ہجری میں

(iii) ۱۰ ہجری میں (iv) ۵ ہجری میں

1.4 মক্কা শরীফে গিয়ে সর্বপ্রথম যে তাওয়াফ করা হয় তা হলো—

(i) তাওয়াফে জিয়ারাত (ii) তাওয়াফে সদর

(iii) তাওয়াফে কুদুম (iv) উহাদের কোনটাই নয়

1.4 مکہ شریف میں پہنچ کر سب سے پہلے طواف کیا جاتا ہے اس کو کہتے ہیں:

(i) طواف زیادہ (ii) طواف صدر

(iii) طواف قدوم (iv) ان میں سے کوئی نہیں

1.5 মক্কা-বাসীদের মিকাত —

(i) যুহফা (ii) ইয়ালাম-লাম

(iii) যুলহুলাইফা (iv) হিল

1.5 اہل مدینہ کی میقات:

(i) جحفہ (ii) یلملم

(iii) ذوالحلیفہ (iv) حل

1.6 আরাফাতে অবস্থান করা —

(i) সুন্নত (ii) ফরজ

(iii) মুস্তাহাব (iv) ওয়াজিব

1.6 وقوف عرفات:

(i) سنت (ii) فرض

(iii) مستحب (iv) واجب

1.7 হিবা শব্দের অর্থ —

(i) দান (ii) সদকা

(iii) খায়রাত করা (iv) কোনোটাই নয়

1.8 শুধু বলার মাধ্যমে ওয়াকফকারীর মালিকানা দূর হয়ে যায় —

(i) ইমাম আবু হানিফা (রঃ) মতে (ii) ইমাম শাফী (রঃ) মতে

(iii) ইমাম মালিক (রঃ) মতে (iv) ইমাম আবু ইউসুফ (রঃ) মতে

1.8 صرف کہنے سے وقف کرنے والے کی ملکیت زائل ہو جاتی ہے۔

(i) امام ابوحنیفہؒ کے نزدیک (ii) امام شافعیؒ کے نزدیک

(iii) امام مالکؒ کے نزدیک (iv) امام ابویوسفؒ کے نزدیک

2. **প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ একটি করে প্রশ্নের উত্তরসহ মোট আটটি প্রশ্নের উত্তর দাও ঃ** $1 \times 8 = 8$

2. درج ذیل ہر ضمنی شعبہ میں سے ایک ایک سوال کے جواب کے ساتھ کل ۸ (آٹھ) سوال کا جواب دو:

2.1 একটি বাক্যে উত্তর দাওঃ

2.1 ایک ہی جملہ میں جواب دو:

2.1.1 সাওম-এর শব্দগত অর্থ কী?

2.1.1 صوم کے لغوی معنی کیا ہے؟

2.1.2 (اعتکاف) কয় প্রকার?

2.1.2 اعتکاف کی اقسام کتنی ہیں؟

2.1.3 ইচ্ছাকৃতভাবে রমজানের সাওম কাযা করলে তার হুকুম কী?

2.1.4 (حج)-এর শব্দগত অর্থ কী?

2.1.4 حج کے لغوی معنی کیا ہے؟

2.2 'ক' স্তম্ভের সাথে 'খ' স্তম্ভকে সঠিকভাবে মিলিয়ে লেখো ঃ

ক	খ
2.2.1. يوم النحر	(i) তিন প্রকার
2.2.2. হাদি	(ii) আরাফাতে
2.2.3. মসজিদে নামেরা	(iii) ৮ই জিলহজ্ব
	(iv) ১০ই জিলহজ্ব

2.2 ''الف'' اور ''ب'' کو صحیح طور پر ایک سطر میں سجا کر لکھو:

''ب''	''الف''
(1) تین قسمیں ہیں	2.2.1 یوم النحر
(2) عرفات میں	2.2.2 ہدی
(3) ۸ رذی الحجہ	2.2.3 مسجد نامرہ
(4) ۱۰ رذی الحجہ	

2.3 শূন্যস্থান পূরণ করো।

2.3 خالی جگہوں کو مناسب لفظ سے پر کرو:

2.3.1 তামাত্তু হজ্ব উত্তম আমাদের (হানাফীদের) নিকট ..... হতে।

2.3.1 تمتع حج افضل ہے ہمارے نزدیک (احناف کے نزدیک) ..... سے۔

2.3.2 বুদ্ধি সম্পন্ন বাচ্চা নিজেই হিবা গ্রহণ করে তা ..... হবে।

2.4 সঠিক হলে (✔) চিহ্ন এবং ভুল হলে (✖) চিহ্ন দাও

2.4 صحیح جواب پر (✔) نشان اور غلط پر (×) نشان لگاؤ:

2.4.1. জবলে রহমত আরাফাতে অবস্থিত। ☐

2.4.1 جبل رحمة عرفات میں واقع ہے۔

2.4.2. যিনি ওয়াকফ করেন তাকে মাওকুফ বলে। ☐

2.4.2 جو شخص وقف کرتے ہیں اس کو موقوف کہا جاتا ہے۔

3. দুটি অথবা তিনটি বাক্যে উত্তর দাও। (যে-কোনো চারটি) $2 \times 4 = 8$

3. دو یا تین جملے میں جواب دو (کوئی چار):

3.1 اعتکاف-এর আভিধানিক ও শরয়ী সংজ্ঞা কী? পুরুষদের জন্য () করার হুকুম কী?

3.1 اعتکاف کی لغوی اور شرعی تعریف کیا ہے؟ مردوں کے لئے اعتکاف کرنے کا حکم کیا ہے؟

3.2 কোন শর্তের ভিত্তিতে মহিলারা হজ্ব করতে যেতে পারবে? বর্ণনা করো।

3.2 کسی شرط کی بنیاد پر عورت حج کرنے کے لئے جا سکتی ہے بتاؤ۔

3.3 اجتباع কাকে বলে? তাওয়াফ করার সময় কতবার اجتباع করতে হয়?

3.3 ''اجتباع'' کس کو کہا جاتا ہے؟ طواف میں کتنے چکروں کا اجتباع کرنا پڑتا ہے؟

3.4 কোন্ কোন্ শব্দ ব্যবহার করলে ''হিবা'' সংঘটিত হবে?

3.4 کن کن الفاظ کے استعمال سے ''ھبہ'' منعقد ہوتا ہے؟

3.5 ''وقف المشاع'' -এর সম্পর্কে ইমামগণের মতামতের বর্ণনা দাও

3.5 ''وقف المشاع'' کے بارے میں اماموں کے اقوال کو بیان کرو۔

4. ৪.১ **পাঁচ অথবা ছয়টি বাক্যে উত্তর দাও। (যে-কোনো দুটি)** $3 \times 2 = 6$

4. پانچ یا چھ جملوں میں جواب دو (کوئی دو):

4.1.1 ''وَاِنْ غُمَّ عَلَيْهِمْ اكملو اعِدَّةَ شَعْبَانَ ثَلٰثِيْنَ يَوْمًا ثُم صَامُوْا'' উদ্ধৃত অংশটি ব্যাখ্যা করো।

''وَاِنْ غُمَّ عَلَيْهِمْ اكملو اعِدَّةَ شَعْبَانَ ثَلٰثِيْنَ يَوْمًا ثُم صَامُوْا''

مزکورہ بالا عبارت کی تشریح کرو۔

4.1.2 ''طواف'' কয় প্রকার? যে ''طواف'' টি ফরজ তা কী? এবং কোন্ সময়ের মধ্যে করতে হয়? বর্ণনা করো।

4.1.2 ''طواف'' کی کتنی قسمیں ہیں؟ ان میں جو فرض ہے اس کی ادائیگی کب تک کرنا ضروری ہے بیان کرو۔

4.1.3 নীচের ইবারতটির তরজমাসহ ইমামদের মতামত উল্লেখ করো।

''وَاِذَا وَهَبَ اِثْنَا نِ مِنْ وَاحِدٍ دَارًا جَا زَ وَ اِنْ وَهَبَ وَاحِدٌ مِنْ اِثْنَيْنِ لَمْ تَصِح''

4.1.3 ''وَاِذَا وَهَبَ اِثْنَا نِ مِنْ وَاحِدٍ دَارًا جَا زَ وَ اِنْ وَهَبَ وَاحِدٌ مِنْ اِثْنَيْنِ لَمْ تَصِح''

مذکورہ بالا عبارت کے ساتھ اماموں کے اقوال کو بیان کرو۔

4.2 **নয়টি অথবা দশটি বাক্যে উত্তর দাও। (যে-কোনো দুটি)** $5 \times 2 = 10$

4.2 نو یا دس جملوں میں جواب دو (کوئی دو):

4.2.1 ইবারতটির তরজমাসহ ব্যাখ্যা করো।

''وَمَنْ جَا مِعَ عَامِدًا فِى اَحَدَ السَّبِيْلَيْنِ اَوْ اَكَلَ اَوْ شَرِبَ مَا يَتَغَذّٰى بِهٖ اَوْ يَتَدَاوٰى بِهٖ فَعَلَيْهِ الْقَضَاء وَالْكَفَّارَةُ مِثْلُ كَفَّا رَةِ الظِّهَارِ''

4.2.1 ''وَمَنْ جَا مِعَ عَامِدًا فِى اَحَدَ السَّبِيْلَيْنِ اَوْ اَكَلَ اَوْ شَرِبَ مَا يَتَغَذّٰى بِهٖ اَوْ يَتَدَاوٰى بِهٖ فَعَلَيْهِ الْقَضَاء وَالْكَفَّارَةُ مِثْلُ كَفَّا رَةِ الظِّهَارِ''

عبارت مزکورہ کا ترجمہ مع تشریح کرو۔

4.2.2 তামাত্তু হজ্ব কাকে বলে? উহা আদায় করার পদ্ধতি বর্ণনা করো।

4.2.2 ''حج تمتع'' کس کو کہتے ہیں؟ اس کے ادا کرنے کا طریقہ بیان کرو۔

৪.২.৩ ইবারতটি ব্যাখ্যা করো সেই সাথে ইমামগণের মতামত উল্লেখ করো।

وَعَنْ بَنىٰ سِقَا يَةً لِلْمُسْلِمِيْنَ اَوْ خَنَا يَسْكُنُهُ بَنُوْ السَّبِيْلِ اَوْرِبَاطًا اَوْ جَعَلَ اَرْضَهُ مَقْبَرَةً لَمْ يَزَلْ مِلْكَهُ''

4.2.3 وَعَنْ بَنىٰ سِقَا يَةً لِلْمُسْلِمِيْنَ اَوْ خَنَا يَسْكُنُهُ بَنُوْ السَّبِيْلِ اَوْرِبَاطًا اَوْ جَعَلَ اَرْضَهُ مَقْبَرَةً لَمْ يَزَلْ مِلْكَهُ''

مذکورہ بالا عبارت کی تشریح کرو۔ اس کے ساتھ ساتھ اماموں کے اقوال کو بیان کرو۔

SAMPLE QUESTIONS

Subject : Mathematics

Time : 3 Hours 15 Minutes **F.M. - 90**

1. নিম্নলিখিত প্রশ্নগুলির প্রতিটি ক্ষেত্রে সঠিক উত্তরটি নির্বাচন করো : **$1 \times 6 = 6$**

1.1 বার্ষিক 9% সরল সুদের হারে 5000 টাকার 2 বছরের সুদ হবে

(i) 900 টাকা (ii) 270 টাকা

(iii) 450 টাকা (iv) 630 টাকা

1.2 দুই ব্যক্তি কোনো ব্যবসায় x টাকা ও y টাকা, যথাক্রমে z ও w একক সময়ের জন্য বিনিয়োগ করলে, তাদের লভ্যাংশের অনুপাত হবে

(i) $xw : yz$ (ii) $xz : yw$

(iii) $xy : zw$ (iv) কোনটাই নয়

1.3 $\sqrt{5}+\sqrt{3}=x$ হলে, $\sqrt{5}-\sqrt{3}$ -এর মান হবে

(i) $\frac{2}{x}$ (ii) $\frac{1}{x}$

(iii) $\frac{x}{2}$ (iv) $-\frac{1}{x}$

1.4 O কেন্দ্রীয় বৃত্তের PQ একটি ব্যাস এবং R বৃত্তের পরিধির উপরিস্থিত একটি বিন্দু। PR = RQ হলে, $\angle RPQ$ -এর মান হবে

(i) 30° (ii) 45°

(iii) 60° (iv) 90°

1.5 ΔABC ও ΔDEF-এর $\angle A = \angle E = 40^o$, AB : ED = AC : EF এবং $\angle F = 65^o$ হলে $\angle B$ -এর মান হবে

(i) 35° (ii) 65°

(iii) 75° (iv) 85°

1.6 একটি গোলকের আয়তন ও পৃষ্ঠতলের ক্ষেত্রফলের সাংখ্যমান সমান হলে, গোলকটির ব্যাসার্ধ হবে

(i) 3 একক (ii) 4 একক

(iii) 5 একক (iv) 6 একক

2। শূন্যস্থান পূরণ করো (যে-কোনো পাঁচটি) : **$1 \times 5 = 5$**

2.1 চক্রবৃদ্ধি সুদের ক্ষেত্রে প্রতিবছর আসল _____ হয়।

2.2 $7x^2 - 12x + 18 = 0$ সমীকরণের বীজদ্বয়ের সমষ্টি ও গুণফলের অনুপাত _____।

2.3 যদি $pqx = qry = rpz$ হয় তাহলে, $x : y : z =$ _____।

2.4 একটি বর্গাকার চিত্রের শীর্ষবিন্দুগুলি _____ হবে।

2.5 দুটি বৃত্ত পরস্পরকে অন্তঃস্পর্শ করলে, তাদের সর্বাধিক সাধারণ স্পর্শকের সংখ্যা _____।

2.6 একটি ঘনকের ধারগুলির সমষ্টি 60 সেমি হলে, তার আয়তন হবে _____ ঘন সেমি।

3. সত্য অথবা মিথ্যা লেখো (যে-কোনো পাঁচটি) : **$1 \times 5 = 5$**

3.1 বার্ষিক সরল সুদের হার 5% হলে 5 বছরের সুদ, আসলের $\frac{1}{4}$ অংশ হবে।

3.2 A, B ও C-এর মূলধনের অনুপাত $\frac{1}{6}:\frac{1}{5}:\frac{1}{4}$ হলে এদের লভ্যাংশের অনুপাত হবে 4 : 5 : 6।

3.3 a : 1, b : 1 ও c : 1-এর অনুপাতগুলির মিশ্র অনুপাত $\frac{ab}{c}$: 1।

3.4 $\sqrt{5}+\sqrt{3}$-এর অনুবন্ধীকরণী হল $\sqrt{5}-\sqrt{3}$।

3.5 কোনো ত্রিভুজের শীর্ষবিন্দু থেকে ভূমির উপর লম্ব অঙ্কন করলে, উৎপন্ন ত্রিভুজদ্বয় পরস্পর সদৃশ হবে।

3.6 একটি সমকোণী চৌপলের কর্ণের সংখ্যা 4টি।

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোনো দশটি) : **$2 \times 10 = 20$**

4.1 একটি শিশুর ওজন প্রতিবছর 10% হারে বৃদ্ধি পায়। যদি শিশুটির বর্তমান ওজন 10 কিগ্রা হয়, তবে 2 বছর পরে তার কত ওজন হবে?

4.2 কোনো ব্যবসায় A, B ও C-এর মূলধনের অনুপাত 3 : 8 : 5। C অপেক্ষা A 60 টাকা কম লভ্যাংশ পেলে, ওই ব্যবসায় মোট কত লাভ হয়েছিল?

4.3 250 টাকার 2 বছরের সরল সুদ 25 টাকা হলে, বার্ষিক শতকরা সরল সুদের হার নির্ণয় করো।

4.4 $x^2 - 22x + 105 = 0$ সমীকরণের বীজদ্বয় α ও β হলে, $(\alpha - \beta)$-এর মান নির্ণয় করো।

4.5 4, 6 এবং 10-এর প্রত্যেকটির সঙ্গে কোন্ সংখ্যা যোগ করলে, যোগফলগুলি ক্রমিক সমানুপাতী হবে।

4.6 ΔABC-এর পরিকেন্দ্র O এবং BC বাহুর মধ্যবিন্দু D। $\angle BAC = 40^o$ হলে, $\angle BOD$-এর মান নির্ণয় করো।

4.7 একটি বৃত্তে দুটি জ্যা AB ও AC পরস্পর লম্ব। AB = 6 সেমি, AC = 8 সেমি হলে, বৃত্তের ব্যাসার্ধের দৈর্ঘ্য নির্ণয় করো।

4.8 ABC ত্রিভুজের BC বাহুর সমান্তরাল সরলরেখা AB ও AC-কে যথাক্রমে P ও Q বিন্দুতে ছেদ করেছে। যদি AB = 3PB হয়, তবে PQ : BC = কত?

4.9 O কেন্দ্রীয় বৃত্তের বহিঃস্থ P বিন্দু থেকে অঙ্কিত PA ও PB দুটি স্পর্শক। PA = 9 সেমি এবং $\angle APB = 60^o$ হলে, AB-এর দৈর্ঘ্য নির্ণয় করো।

4.10 একটি সরু তামার তারের ব্যাস 1 সেমি এবং দৈর্ঘ্য 14 মিটার। তারটিতে মোট কত ঘনসেমি তামা আছে?

4.11 একটি আয়তঘনকের শীর্ষবিন্দু ও প্রান্তিকী (ধার) কয়টি আছে?

4.12 একটি লম্ববৃত্তাকার শঙ্কুর পার্শ্বতলের ক্ষেত্রফল ভূমির ক্ষেত্রফলের দ্বিগুণ হলে, শঙ্কুটির উচ্চতা ও ব্যাসের অনুপাত নির্ণয় করো।

5. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : **$5 \times 2 = 10$**

5.1 মেয়াদ শেষে পুত্র ও কন্যা 3 : 2 অনুপাতে টাকার অংশ পাবে এই শর্তে এক ব্যক্তি বার্ষিক 14% হার সুদে 10 বছরের জন্য একটি ব্যাঙ্কে কিছু টাকা রাখেন। মেয়াদ শেষে কন্যা যদি 6,750 টাকা পায়, তবে তিনি কত টাকা ব্যাঙ্কে রেখেছিলেন?

5.2 বার্ষিক 5% চক্রবৃদ্ধি সুদের হারে 1,00,000 টাকার 3 বছরের চক্রবৃদ্ধি সুদ নির্ণয় করো।

5.3 কোনো যৌথ ব্যবসায় ক ও খ-এর মূলধনের অনুপাত 5 : 3। 3 মাস পরে 'ক' তার মূলধনের $\frac{3}{4}$ অংশ এবং 'খ' $\frac{2}{3}$ অংশ তুলে নিল। বৎসরান্তে 630 টাকা লাভ হলে কে কত লভ্যাংশ পাবে?

6. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : **$3 \times 2 = 6$**

6.1 সমাধান করো : $\frac{1}{x} - \frac{1}{x+b} = \frac{1}{a} - \frac{1}{a+b}$ $(x \neq 0, -b)$

6.2 $ax^2 + bx + c = 0$ $[a \neq 0]$ দ্বিঘাত সমীকরণের দুটি বীজ হল α ও β $\left(\frac{1}{\alpha^3} + \frac{1}{\beta^3}\right)$-এর মান নির্ণয় করো।

6.3 শ্রীধর আচার্যের সূত্র প্রয়োগ করে সমাধান করো :

$9x^2 + 7x - 2 = 0$

7. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : **$3 \times 2 = 6$**

7.1 $x \propto y$ এবং $y \propto z$ হলে দেখাও যে, $x^2 + y^2 + z^2 \propto xy + yz + zx$।

7.2 15 জন কৃষক 5 দিনে 18 বিঘা জমি চাষ করতে পারেন। ভেদতত্ত্বের সাহায্যে 10 জন কৃষকের 12 বিঘা জমি চাষ করতে কতদিন লাগবে তা নির্ণয় করো।

7.3 $x = \sqrt{5} + 2$ হলে $x^3 - \frac{1}{x^3}$-এর মান নির্ণয় করো।

8. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : **$3 \times 1 = 3$**

8.1 $\frac{a}{b+c} = \frac{b}{c+a} = \frac{c}{a+b}$ এবং $a + b + c \neq 0$ তবে প্রমাণ কর যে, $a = b = c$।

8.2 $x^2 : (by + cz) = y^2 : (cz + ax) = 2^2 : (ax + by) = 1$ হলে দেখাও যে, $\frac{a}{a+x} + \frac{b}{b+y} + \frac{c}{c+z} = 1$।

9. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : **$5 \times 1 = 5$**

9.1 প্রমাণ করো যে, যদি দুটি বৃত্ত পরস্পরকে স্পর্শ করে, তাহলে স্পর্শ বিন্দুটি কেন্দ্র দুটির সংযোজক সরলরেখাংশের উপর অবস্থিত হবে।

9.2 প্রমাণ করো, একই বৃত্তাংশস্থ সকল বৃত্তস্থ কোণের মান সমান।

10. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : **$3 \times 1 = 3$**

10.1 প্রমাণ করো যে-কোনো সমকোণী ত্রিভুজের অতিভুজের মধ্যবিন্দু ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু থেকে সমদূরবর্তী।

10.2 O কেন্দ্রীয় বৃত্তের AP ও AQ দুটি জ্যা-এর মধ্যবিন্দু যথাক্রমে R ও S; প্রমাণ করি যে, O, R, A, S বিন্দু চারটি সমবৃত্তস্থ।

11. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : **5 × 1 = 5**

11.1 একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 4.2 সেমি, প্রস্থ 3.5 সেমি। আয়তক্ষেত্রটির সমান ক্ষেত্রফলবিশিষ্ট একটি বর্গক্ষেত্র অঙ্কন করো।

11.2 3.5 সেমি দৈর্ঘ্যের ব্যাসার্ধবিশিষ্ট একটি বৃত্ত অঙ্কন করো। বৃত্তের কেন্দ্র থেকে 8 সেমি দূরে বৃত্তটির বহিঃস্থ বিন্দু P থেকে ওই বৃত্তের দুটি স্পর্শক অঙ্কন করো।

12. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : **4 × 4 = 16**

12.1 একটি সমকোণী চৌপল-এর আয়তন 144 ঘনসেমি, সমগ্রতলের ক্ষেত্রফল 192 বর্গসেমি এবং কর্ণের দৈর্ঘ্য 10 সেমি। চৌপলটি দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা নির্ণয় করো।

12.2 একটি লম্ববৃত্তাকার চোঙাকৃতি স্তম্ভের বক্রতলের ক্ষেত্রফল 264 বর্গমিটার এবং আয়তন 924 ঘনমিটার হলে, এই স্তম্ভের ব্যাসের দৈর্ঘ্য ও উচ্চতা নির্ণয় করো।

12.3 লম্ববৃত্তাকার শঙ্কু আকৃতির একটি তাঁবুতে 11 জন লোক থাকতে পারে। প্রত্যেক লোকের জন্য ভূমিতে 4 বর্গমিটার জায়গা লাগে এবং 20 ঘনমিটার বাতাস প্রয়োজন। এই 11 জন লোকের জন্য নির্মিত তাঁবুর উচ্চতা নির্ণয় করো।

12.4 একটি নিরেট লম্ববৃত্তাকার দণ্ডের ভূমির ব্যাসার্ধের দৈর্ঘ্য 3.2 ডেসিমি.। দণ্ডটিকে গলিয়ে 21টি নিকেট গোলক তৈরী করা হল। যদি প্রত্যেকটি গোলকের ব্যাসার্ধের দৈর্ঘ্য 8 সেমি. হয়, তাহলে দণ্ডটির দৈর্ঘ্য নির্ণয় করো।

12.5 একটি অর্ধগোলাকৃতি গম্বুজের ভূমিতলের ব্যাসের দৈর্ঘ্য 42 ডেসিমি.। গম্বুজটির উপরিতল রং করতে প্রতি বর্গমিটার 35 টাকা হিসাবে কত খরচ পড়বে?

12.6 42 সেমি দৈর্ঘ্যবিশিষ্ট একটি ঘনক থেকে সর্ববৃহৎ যে লম্ববৃত্তাকার শঙ্কুটি পাওয়া যায় তার আয়তন নির্ণয় করো।

Subject : Mathematics

Time : 3 Hours 15 Minutes **F.M. - 90**

1. নিম্নলিখিত প্রশ্নগুলির প্রতিটি ক্ষেত্রে সঠিক উত্তরটি নির্বাচন করো : 1 × 6 = 6

1.1 এক ব্যক্তি একটি ব্যাঙ্কে 100 টাকা জমা রেখে 2 বছর পর সমূল চক্রবৃদ্ধি হিসাবে 121 টাকা পেলেন। বার্ষিক চক্রবৃদ্ধি সুদের হার —

(i) 5 % (ii) 10 %

(iii) 20 % (iv) 10½ %

1.2 তিন বন্ধুর মূলধনের অনুপাত $\frac{1}{6}:\frac{1}{5}:\frac{1}{4}$। বছরের শেষে মোট লাভ 37,000 টাকা হলে, তৃতীয় বন্ধুর লাভ হবে —

(i) 15,000 টাকা (ii) 12,000 টাকা

(iii) 10,000 টাকা (iv) 20,000 টাকা

1.3 $3x^2 + 8x + 2 = 0$ সমীকরণের বীজদ্বয়ের গুণফল হবে —

(i) $\frac{8}{3}$ (ii) -6

(iii) $\frac{2}{3}$ (iv) $-\frac{2}{3}$

1.4 O কেন্দ্রীয় বৃত্তের AB ও CD জ্যা দুটির দৈর্ঘ্য সমান। $\angle AOB = 60^o$ হলে, $\angle COD$-এর মান হবে —

(i) 40° (ii) 30°

(iii) 60° (iv) 90°

1.5 7 সেমি ও 4 সেমি ব্যাসার্ধবিশিষ্ট দুটি বৃত্ত পরস্পরকে অন্তঃস্পর্শ করলে, তাদের কেন্দ্র দুটির মধ্যে দূরত্ব হবে —

(i) 11 সেমি (ii) 10 সেমি

(iii) 2 সেমি (iv) 14 সেমি

1.6 দুটি গোলকের সমগ্রতলের ক্ষেত্রফলের অনুপাত 1 : 16 হলে তাদের ব্যাসার্ধের অনুপাত হবে —

(i) 1 : 4 (ii) 2 : 3

(iii) 8 : 1 (iv) 1 : 8

2. শূন্যস্থান পূরণ করো (যে-কোনো পাঁচটি) : $1 \times 5 = 5$

2.1 অংশীদারি কারবারে অংশীদারগণের প্রত্যেকের দেয় অর্থই হচ্ছে অংশীদারগণের নিজস্ব _____।

2.2 9 : 16 অনুপাতের উভয় পদের সঙ্গে _____ যোগ করলে অনুপাতটি 3 : 4 হবে।

2.3 $\sqrt{5} + \sqrt{3} = x$ হলে $\sqrt{5} - \sqrt{3}$ -এর মান হবে _____। (a) $\frac{1}{x}$ (b) $\frac{2}{x}$ (c) $\frac{x}{2}$ (d) $2x$

2.4 কোনো বৃত্তের স্পর্শক এবং স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধ পরস্পর _____।

2.5 দুটি ত্রিভুজ সদৃশ হবে যদি তাদের _____ বাহুগুলি সমানুপাতী হয়।

2.6 একটি নিরেট অর্ধগোলকের তলের সংখ্যা _____।

3. সত্য অথবা মিথ্যা লেখো (যে-কোনো পাঁচটি) : $1 \times 5 = 5$

3.1 সমহার বৃদ্ধি চক্রবৃদ্ধি সুদের নীতি অনুসরণ করে।

3.2 কোনো যৌথ ব্যবসায় লভ্যাংশের বণ্টন, অংশীদারদের মূলধন ও সময়ের উপর নির্ভর করে।

3.3 x : y অনুপাতটি লঘু অনুপাত হবে যখন $x > y$।

3.4 যদি $x \alpha y$ হয় তাহলে $x^n \alpha y^n$।

3.5 বৃত্তস্থ চতুর্ভুজের একটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণটি অন্তঃস্থ কোণের সমান হবে।

3.6 একটি গোলক এবং গোলকের পরিলিখিত ঘনকের আয়তনের অনুপাত $\pi : 6$।

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোনো দশটি) : $2 \times 10 = 20$

4.1 শতকরা বার্ষিক সরল সুদের হার কত হলে কোনো টাকার 10 বছরের সুদ সুদ-আসলের $\frac{2}{5}$ অংশ হবে?

4.2 কোনো মূলধন 12 বছরে তিনগুণ হলে বার্ষিক শতকরা সরল সুদের হার নির্ণয় করো।

4.3 একটি কারবারে দুজন অংশীদার। কারবারে মোট লাভ হয় 3,000 টাকা। একজনের মূলধন 48,000 টাকা এবং লভ্যাংশ 1,800 টাকা হলে, অপরজনের মূলধন কত?

4.4 $x^2 - x = k(2x-1)$ সমীকরণের বীজদুটির যোগফল শূন্য হলে, k-এর মান নির্ণয় করো।

4.5 যদি $(3a - 2b) : (a + 2b) = 13 : 9$ হয় তবে $a : b$ কত?

4.6 দুটি বৃত্তের ব্যাসার্ধের দৈর্ঘ্য 8 সেমি ও 3 সেমি এবং তাদের কেন্দ্রদ্বয়ের মধ্যে দূরত্ব 13 সেমি। বৃত্ত দুটির একটি সরল সাধারণ স্পর্শকের দৈর্ঘ্য নির্ণয় করো।

4.7 একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদুটির দৈর্ঘ্য $(x - 1)$ সেমি ও $2\sqrt{x}$ সেমি হলে, অতিভুজের দৈর্ঘ্য নির্ণয় করো।

4.8 ABCD একটি বৃত্তস্থ চতুর্ভুজ, যদি $\angle COD = 120^\circ$ এবং $\angle BAC = 30^\circ$ হয়, তবে $\angle BOC$ ও $\angle BCD$-এর মান নির্ণয় করো। O হল বৃত্তটির কেন্দ্র।

4.9 ABCD বৃত্তস্থ চতুর্ভুজের AB বাহুকে এমনভাবে বর্ধিত করা হল যেন, BE = BC হয়। C, E যুক্ত করা হল। যদি $\angle ADC = 70^\circ$ এবং $\angle BAD = 95^\circ$ হয় তাহলে $\angle DCE$-এর মান কত?

4.10 একটি নিরেট অর্ধগোলককে গলিয়ে একটি গোলক তৈরি করা হল। তাদের ব্যাসার্ধের অনুপাত নির্ণয় করো।

4.11 একটি লম্ববৃত্তাকার চোঙের ভূমির ব্যাসার্ধ 6 সেমি ও পার্শ্বতলের ক্ষেত্রফল 792 বর্গসেমি হলে, চোঙের উচ্চতা কত?

4.12 একটি লম্ববৃত্তাকার শঙ্কুর আয়তন V, ভূমিতলের ক্ষেত্রফল A এবং উচ্চতা H হলে $\frac{AH}{V}$-এর মান কত?

5. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 2 = 10$

5.1 বার্ষিক একই সুদের হারে কোনো আসলের 2 বছরের সরল সুদ ও চক্রবৃদ্ধি সুদের অনুপাত 20 : 21 হলে সুদের হার নির্ণয় করো।

5.2 A ও B যথাক্রমে 60,000 টাকা ও 75,000 টাকা মূলধন নিয়ে ব্যবসা শুরু করে। 4 মাস পরে C, 40,500 টাকা ঐ ব্যবসাতে বিনিয়োগ করে। A ও B তাদের মূলধনের অনুপাতে সেই টাকা নিয়ে নেয়। বছরের শেষে 19,575 টাকা লাভ হলে কে কত লভ্যাংশ পাবে?

5.3 কোনো গ্রামের বর্তমান লোকসংখ্যা 10,000; ঐ গ্রামে প্রতি বছর জনসংখ্যা বৃদ্ধির হার 3% হলে, 2 বছর পরে ঐ গ্রামে মোট জনসংখ্যা কত হবে?

6. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $3 \times 2 = 6$

6.1 সমাধান করো : $\frac{a}{x-b} + \frac{b}{x-a} = 2 \quad (x \neq a, b)$

6.2 তিনটি ক্রমিক যুগ্ম সংখ্যার বর্গের সমষ্টি 200 হলে, সংখ্যা তিনটি নির্ণয় করো।

6.3 $ax^2 + bx + c = 0$ $(a \neq 0)$ সমীকরণের একটি বীজ অপরটির বর্গ হলে, দেখাও যে, $2b^2 = 9ac$.

7. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $3 \times 2 = 6$

7.1 x, y-এর সঙ্গে সরলভেদে এবং z-এর সঙ্গে ব্যস্তভেদে এমনভাবে আছে যে, $y = 4$, $z = 5$ হলে $x = 3$ হয়। যখন $y = 16$, $z = 25$ তখন x-এর মান নির্ণয় করো।

7.2 $x = \sqrt{3} + \sqrt{2}$ হলে $x^3 - \frac{1}{x^3}$-এর মান নির্ণয় করো।

7.3 $a + b \propto \sqrt{ab}$ হলে দেখাও যে, $\sqrt{a} + \sqrt{b} = \sqrt{a} - \sqrt{b}$ ।

8. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $3 \times 1 = 3$

8.1 $x : a = y : b = z : c$ হলে দেখাও যে, $(a^2 + b^2 + c^2)(x^2 + y^2 + z^2) = (ax + by + cz)^2$

8.2 যদি $a + \frac{1}{b} = 1$ এবং $b + \frac{1}{c} = 1$ হয়, তবে $c + \frac{1}{a}$-এর মান নির্ণয় করো।

9. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 1 = 5$

9.1 প্রমাণ করো, ব্যাস নয় এরূপ কোনো জ্যা-এর উপর বৃত্তের কেন্দ্র থেকে লম্ব অঙ্কন করা হলে, ঐ লম্ব জ্যাটিকে সমদ্বিখণ্ডিত করবে।

9.2 প্রমাণ করো, যে কোনো সমকোণী ত্রিভুজের সমকৌণিক বিন্দু থেকে অতিভুজের উপর লম্ব অঙ্কন করলে, এই লম্বের উভয় পার্শ্বস্থিত ত্রিভুজদ্বয় সদৃশ এবং ঐ ত্রিভুজগুলির প্রত্যেকে মূল ত্রিভুজের সঙ্গে সদৃশ।

10. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 1 = 5$

10.1 দুটি বৃত্ত পরস্পরকে A বিন্দুতে বহিঃস্পর্শ করেছে। PQ ঐ বৃত্তটির একটি সরল সাধারণ স্পর্শক যা বৃত্তদ্বয়কে P ও Q বিন্দুতে স্পর্শ করেছে। প্রমাণ করো যে, $\angle PAQ = 1$ সমকোণ।

10.2 ΔABC সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজ, $\angle B = 90^\circ$, $\angle BAC$-এর সমদ্বিখণ্ডক BC কে D বিন্দুতে ছেদ করে। প্রমাণ করো যে, $CD^2 = 2BD^2$।

11. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 1 = 5$

11.1 6.8 সেমি বাহুবিশিষ্ট একটি সমবাহু ত্রিভুজের অন্তর্বৃত্ত অঙ্কন করো।

11.2 3 সেমি দৈর্ঘ্যের ব্যাসার্ধবিশিষ্ট একটি বৃত্ত অঙ্কন করো। বৃত্তের কেন্দ্র থেকে 7 সেমি দূরে কোনো বিন্দু থেকে বৃত্তটির দুটি স্পর্শক অঙ্কন করো।

12. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $4 \times 4 = 16$

12.1 21 ডেসিমিটার দীর্ঘ, 11 ডেসিমিটার প্রশস্ত এবং 6 ডেসিমিটার গভীর একটি চৌবাচ্চা অর্ধেক জলপূর্ণ আছে। ঐ চৌবাচ্চায় 21 সেমি ব্যাসের 100টি লোহার গোলক ডুবিয়ে দেওয়া হলে, জলতল কত ডেসিমিটার উপরে উঠবে?

12.2 তোমার মাদ্রাসার ল্যাবরেটরিতে শঙ্কু আকৃতির একটি ফ্লাস্কের উচ্চতা 4 ডেসিমিটার এবং তির্যক উচ্চতা 5 ডেসিমিটার হলে, ঐ ফ্লাস্কে কত লিটার জল ধরবে নির্ণয় করো।

12.3 1 সেমি, 6 সেমি ও 8 সেমি ব্যাসার্ধের তিনটি নিরেট গোলককে গলিয়ে একটি বড়ো গোলক তৈরি করা হল। বড়ো গোলকটির ব্যাসার্ধ ও বক্রতলের ক্ষেত্রফল নির্ণয় করো।

12.4 একটি লম্ববৃত্তাকার শঙ্কুর ভূমিতলের ব্যাস 21 এবং উচ্চতা 14 মিটার। প্রতি বর্গ মিটার 1.50 টাকা হিসাবে পার্শ্বতল রঙ করতে কত খরচ হবে?

12.5 একই ধাতুর পাত থেকে তৈরি দুটি ফাঁপা গোলকের ব্যাসের দৈর্ঘ্য যথাক্রমে 21 সেমি এবং 17.5 সেমি। গোলক দুটি তৈরি করতে যে পরিমাণ ধাতুর পাত লেগেছে তার অনুপাত নির্ণয় করো।

12.6 সমান ভূমিতলের ব্যাস এবং সমান উচ্চতাবিশিষ্ট একটি নিরেট শঙ্কু, একটি নিরেট অর্ধ গোলক এবং একটি নিরেট চোঙের আয়তনের অনুপাত নির্ণয় করো।

Subject : Mathematics

Time : 3 Hours 15 Minutes **F.M. - 90**

1. নিম্নলিখিত প্রশ্নগুলির প্রতিটি ক্ষেত্রে সঠিক উত্তরটি নির্বাচন করো : **$1 \times 6 = 6$**

1.1 বার্ষিক সরল সুদের হার কত হলে 5 বছরের সুদ, আসলের $\frac{1}{4}$ অংশ হবে—

(i) 5% (ii) 6%

(iii) 7% (iv) 8%

1.2 একটি অংশীদারি ব্যবসায় তিনজনের মূলধনের অনুপাত 4 : 5 : 7 এবং প্রথম ব্যক্তির লাভ তৃতীয় ব্যক্তির লাভের থেকে 90 টাকা কম হলে, প্রথম ব্যক্তির মূলধনের পরিমাণ—

(i) 200 টাকা (ii) 250 টাকা

(iii) 1200 টাকা (iv) 130 টাকা

1.3 $\sqrt{6} \times \sqrt{15} = x\sqrt{10}$ হলে, x-এর মান হবে —

(i) $\sqrt{3}$ (ii) $2\sqrt{3}$

(iii) 3 (iv) 0

1.4 একটি ফাঁপা ঘনকের ভিতর দীর্ঘতম $6\sqrt{3}$ সেমির একটি দণ্ড রাখা হল, ঘনকটির আয়তন হবে—

(i) 36 ঘনসেমি (ii) 108 ঘনসেমি

(iii) 63 ঘনসেমি (iv) 216 ঘনসেমি

1.5 O কেন্দ্রীয় বৃত্তের AB ব্যাস। ABCD বৃত্তস্থ চতুর্ভুজ যার AB || DC এবং $\angle BAC = 25^\circ$ হলে, $\angle DAC$-এর মান—

(i) 40° (ii) 50°

(iii) 60° (iv) 70°

1.6 একটি বৃত্তের ব্যাসার্ধ 15 সেমি। বৃত্তটি 24 সেমি দীর্ঘ একটি জ্যা-র কেন্দ্র থেকে দূরত্ব হবে—

(i) 9 সেমি (ii) 7 সেমি

(iii) 12 সেমি (iv) 17 সেমি

2. শূন্যস্থান পূরণ করো (যে-কোনো পাঁচটি) : **$1 \times 5 = 5$**

1.1 সময়ের সঙ্গে কোনো কিছুর নির্দিষ্ট হারে বৃদ্ধি হলে সেটি _____ বৃদ্ধি।

1.2 $x \propto y$ এবং $x \propto z$ হলে, $(y + z) \propto$ _____।

1.3 $(x + 2)$ এবং $(x - 3)$-এর মধ্য সমানুপাতী x হলে, x-এর মান _____।

1.4 একটি চতুর্ভুজের বিপরীত কোণগুলি পরস্পর সম্পূরক হলে চতুর্ভুজের শীর্ষ বিন্দুগুলি _____ হবে।

1.5 দুটি ত্রিভুজ সদৃশ হবে যদি তাদের _____ বাহুগুলি সমানুপাতী হয়।

1.6 বৃত্তের বৃহত্তম জ্যা হল বৃত্তের _____।

3. সত্য অথবা মিথ্যা লেখো (যে-কোনো পাঁচটি) : **$1 \times 5 = 5$**

3.1 অংশীদারি ব্যবসায় লভ্যাংশের টাকা অংশীদারগণ যেমন খুশি ভাগ করে নেন।

3.2 চক্রবৃদ্ধি সুদ নির্ণয়ের সূত্রটি হল $P\left(1+\frac{r}{100}\right)^n - P$।

3.3 $\sqrt{75}$ এবং $\sqrt{147}$ পরপর সদৃশ করণী।

3.4 $x^2 - 2x + 1 = 0$ দ্বিঘাত সমীকরনটির কেবলমাত্র একটি বীজ আছে।

3.5 যে কোনো একটি বৃত্তের পরিধি ও ব্যাসের দৈর্ঘ্যের অনুপাত ধ্রুবক।

3.6 একটি লম্ব বৃত্তাকার শঙ্কুর তির্যক উচ্চতা = $\sqrt{}$

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোনো দশটি) : **$2 \times 10 = 20$**

4.1 বার্ষিক সরল সুদের হার x% হলে 3x টাকা 2x বছরে সুদে আসলে কত হবে?

4.2 কোনো ব্যবসায় রাম, 1500 টাকা এবং শ্যামল 9 মাসের জন্য 1000 টাকা বিনিয়োগ করল। দুজনের লাভের অংশ সমান হলে রাম কত সময়ের জন্য টাকা বিনিয়োগ করেছিল?

4.3 বার্ষিক 10% হারে 300 টাকার 2 বছরের সরল সুদ ও চক্রবৃদ্ধি সুদের পার্থক্য নির্ণয় করো।

4.4 $Kx^2 + 2x + 3k = 0$ $(k \neq 0)$ সমীকরণের বীজদ্বয়ের সমষ্টি ও গুণফল সমান হলে, K-এর মান নির্ণয় করো।

4.5 $(a+b) : \sqrt{ab} = 2:1$ হলে a : b-এর মান নির্ণয় করো।

4.6 O কেন্দ্রীয় বৃত্তের AB ও CD জ্যা দুটির দৈর্ঘ্য সমান। $\angle AOB = 60^\circ$ এবং CD = 6 সেমি হলে, বৃত্তের ব্যাসার্ধের দৈর্ঘ্য কত?

4.7 ΔABC-এর $\angle B$ সমকোণ এবং $BD \perp AC$, AD = 4 সেমি ও CD = 16 সেমি হলে, BD ও AB-এর দৈর্ঘ্য নির্ণয় করো।

4.8 O কেন্দ্রীয় বৃত্তের AB একটি জ্যা এবং BC ব্যাস। $\angle AOB = 70^\circ$ হলে, $\angle OAC$-এর মান নির্ণয় করো।

4.9 6 সেমি ব্যাসার্ধ বিশিষ্ট একটি বৃত্তের কেন্দ্র থেকে 10 সেমি দূরে অবস্থিত কোন বিন্দু থেকে ঐ বৃত্তে একটি স্পর্শক অঙ্কন করা হলে, উহার দৈর্ঘ্য কত হবে?

4.10 একটি লম্ব বৃত্তাকার চোঙের ভূমির ব্যাসার্ধ 6 সেমি এবং পার্শ্বতলের ক্ষেত্রফল 792 বর্গ সেমি হলে, চোঙের উচ্চতা কত?

4.11 একটি গোলক ও একটি লম্ববৃত্তাকার চোঙ উভয়ের ব্যাসার্ধ 3 সেমি এদের ঘনফল সমান হলে, চোঙের উচ্চতা নির্ণয় করো।

4.12 একটি ঘনকের বাহুর দৈর্ঘ্য দ্বিগুণ করলে তার আয়তন আগের আয়তনের কতগুণ হবে?

5. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : **$5 \times 2 = 10$**

5.1 কোনো মূলধন একই বার্ষিক শতকরা সরল সুদের হারে 4 বছরে সুদে আসলে 6200 টাকা এবং 7 বছরে সুদে আসলে 7100 টাকা হলে মূলধন ও বার্ষিক শতকরা সরল সুদের হার নির্ণয় করো।

5.2 ধূমপান বিরোধী প্রচারের ফলে প্রতি বছর ধূমপায়ীর সংখ্যা $6\frac{1}{4}\%$ হারে হ্রাস পায়। বর্তমানে কোনো শহরে 33750 জন ধূমপায়ী থাকলে, 3 বছর পূর্বে ওই শহরে কতজন ধূমপায়ী ছিল?

5.3 একটি ব্যবসায় A ও B-এর মূলধনের অনুপাত 3 : 2। বছরের শেষে মোট লাভের 5% সমাজসেবায় খরচ করার পর A লভ্যাংশ পায় 8550 টাকা। ঐ ব্যবসায় মোট কত লাভ হয়েছিল?

6. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : **$3 \times 2 = 6$**

6.1 সমাধান করো : $\frac{1}{x} - \frac{1}{x+b} = \frac{1}{a} - \frac{1}{a+b}$ $[x \neq 0, -b]$

6.2 k-এর মান কত হলে $9x^2 + 3kx + 4 = 0$ দ্বিঘাত সমীকরণের বীজদ্বয় বাস্তব ও সমান হবে।

6.3 দুই অঙ্ক বিশিষ্ট একটি সংখ্যার একক স্থানীয় অঙ্কটি দশক স্থানীয় অঙ্ক অপেক্ষা 6 বেশি এবং অঙ্কদ্বয়ের গুণফল সংখ্যাটির চেয়ে 12 কম। সংখ্যাটি কত?

7. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : **$3 \times 2 = 6$**

7.1 $\frac{1}{y} - \frac{1}{x} \propto \frac{1}{x-y}$ হলে দেখাও যে, $x \propto y$।

7.2 যদি $a = \frac{1}{2+\sqrt{3}}$ এবং $b = \frac{1}{2-\sqrt{3}}$ হয়, তবে $\left(\frac{1}{a+1} + \frac{1}{b+1}\right)$-এর মান নির্ণয় করো।

7.3 যদি $x = \frac{\sqrt{5}+1}{2}$ হয় তবে দেখাও যে, $x^2 - x - 1 = 0$।

8. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

8.1 $\frac{a^2}{b+c} = \frac{b^2}{c+a} = \frac{c^2}{a+b} = 1$ হলে দেখাও যে, $\frac{1}{1+a} + \frac{1}{1+b} + \frac{1}{1+c} = 1$

8.2 যদি $\frac{a}{b+c} = \frac{b}{c+a} = \frac{c}{a+b}$ এবং $a + b + c \neq 0$ হয় তবে প্রমাণ করো যে, $a = b = c$.

9. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : **$5 \times 1 = 5$**

9.1 প্রমাণ করো যে ব্যাস নয় এরূপ কোনো জ্যাকে যদি বৃত্তের কেন্দ্রগামী কোনো সরলরেখা সমদ্বিখণ্ডিত করে, তাহলে ওই সরলরেখা ওই জ্যা-এর উপর লম্ব হবে।

9.2 প্রমাণ করো কোনো বৃত্তের একই বৃত্তচাপ দ্বারা গঠিত কেন্দ্রস্থ কোন বৃত্তস্থ কোণের দ্বিগুণ।

10. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : **$3 \times 1 = 3$**

10.1 প্রমাণ করো যে, কোনো বৃত্তের পরিলিখিত সামান্তরিক একটি রম্বস হবে।

10.2 ΔABC-এর $\angle A$ সমকোণ। অতিভুজ BC-এর উপর AD লম্ব হলে, প্রমাণ করো যে, $\frac{\Delta ABC}{\Delta ACD} = \frac{BC^2}{AC^2}$ ।

11. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : **$5 \times 1 = 5$**

11.1 একটি সমকোণী ত্রিভুজ অঙ্কন কর যার অতিভুজের দৈর্ঘ্য 9 সেমি এবং অপর একটি বাহুর দৈর্ঘ্য 5.5 সেমি। ত্রিভুজটির অন্তর্বৃত্ত অঙ্কন করো।

11.2 3.2 সেমি দৈর্ঘ্যের ব্যাসার্ধ বিশিষ্ট একটি বৃত্ত অঙ্কন করো। ওই বৃত্তের উপর অবস্থিত যে কোনো একটি বিন্দুতে বৃত্তের স্পর্শক অঙ্কন করো।

12. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : **$4 \times 4 = 16$**

12.1 3 সেমি, 4 সেমি ও 5 সেমি ধার বিশিষ্ট তিনটি নিরেট ঘনক একত্রে গলিয়ে একটিমাত্র নিরেট ঘনক তৈরি করা হলে, নতুন ঘনকটির ধারের দৈর্ঘ্য কত হবে?

12.2 7সেমি ব্যাসের একটি লম্বা গ্যাসজারে কিছু পরিমাণ জল আছে। ওই জলে যদি 5.6 সেমি ব্যাসের 5 সেমি লম্বা একটি নিরেট লম্ববৃত্তাকার চোঙাকৃতি টুকরো সম্পূর্ণ ডোবানো হয়, তবে জলতল কতটা উপরে উঠবে?

12.3 ঘনকাকৃতি একটি জলপূর্ণ চৌবাচ্চা থেকে সমান মাপের 64 বালতি জল তুলে নিলে চৌবাচ্চাটির $\frac{1}{3}$ অংশ জলপূর্ণ থাকে। চৌবাচ্চাটির একটি ধারের দৈর্ঘ্য 1.2 মিটার হলে, প্রতি বালতিতে কত লিটার জল ধরে?

12.4 9 সেমি ব্যাসার্ধ বিশিষ্ট একটি নিরেট গোলককে গলিয়ে তিনটি নিরেট গোলক তৈরি করা হল, যাদের প্রথম দুটির ব্যাসার্ধ যথাক্রমে 1 সেমি ও 6 সেমি। তৃতীয় গোলকটির ব্যাসার্ধ নির্ণয় করো।

12.5 লম্ববৃত্তাকার শঙ্কু আকৃতির একটি তাঁবু তৈরি করতে 77 বর্গমিটার ত্রিপল লেগেছে। তাঁবুটির তির্যক উচ্চতা 7 মিটার হলে, ভূমিতলের ক্ষেত্রফল কত?

12.6 একটি গোলক ও একটি চোঙের ব্যাসার্ধ সমান এবং তাদের বক্রতলের ক্ষেত্রফলও সমান। চোঙের ভূমির ব্যাসার্ধ ও উচ্চতার অনুপাত কত?

Subject : Mathematics

Time : 3 Hours 15 Minutes **F.M. - 90**

1. নিম্নলিখিত প্রশ্নগুলির প্রতিটির ক্ষেত্রে সঠিক উত্তরটি নির্বাচন করো : $1 \times 6 = 6$

1.1 বার্ষিক 6% সরল সুদের হারে কিছু টাকার 5 মাসের সুদ $\frac{x}{10}$ টাকা হলে আসলের পরিমাণ —

(i) 2x টাকা (ii) 4x টাকা

(iii) 10x টাকা (iv) 20x টাকা

1.2 কোনো যৌথ ব্যবসায় A, B-এর দ্বিগুণ এবং C-এর অর্ধেক মূলধন একই সময়ের জন্য বিনিয়োগ করলে তাদের মধ্যে লভ্যাংশ বণ্টনের অনুপাত হবে —

(i) 1 : 2 : 3 (ii) 2 : 1 : 2

(iii) 2 : 4 : 1 (iv) 2 : 1 : 4

1.3 $\frac{x^2}{x} = 6$ সমীকরণের বীজদ্বয় —

(i) $0, \sqrt{6}$ (ii) 0, 6

(iii) 6, – 6 (iv) – 6, 0

1.4 একটি বৃত্তের ব্যাসার্ধ 15 সেমি। বৃত্তটির 24 সেমি দীর্ঘ একটি জ্যা-এর কেন্দ্র থেকে দূরত্ব হবে —

(i) 9 সেমি (ii) 12 সেমি

(iii) 7 সেমি (iv) 17 সেমি

1.5 O কেন্দ্রীয় বৃত্তে AB একটি ব্যাস এবং C বৃত্তের উপর একটি বিন্দু। AC = CB হলে ∠CAB-এর মান হল —

(i) 60° (ii) 45°

(iii) 30° (iv) 90°

1.6 একটি নিরেট গোলকের বক্রতলের ক্ষেত্রফল তার আয়তনের 3 গুণের সঙ্গে সমান। গোলকটির ব্যাসার্ধের দৈর্ঘ্য —

(i) 1 একক (ii) 2 একক

(iii) 3 একক (iv) 4 একক

2. শূন্যস্থান পূরণ করো (যে-কোনো পাঁচটি) : $1 \times 5 = 5$

2.1 কোনো গ্রামের বর্তমান জনসংখ্যা P এবং বার্ষিক জনসংখ্যা বৃদ্ধি R% হলে N বছর পূর্বে জনসংখ্যা ছিল _____।

2.2 $ax^2 - bx + c = 0$ $(a \neq 0)$ সমীকরণের বীজদ্বয় পরস্পর অন্যোন্যক হলে, C = _____।

2.3 যদি 3a = 4b = 5c হয় তবে a : b : c = _____।

2.4 দুটি সমবাহু ত্রিভুজ সর্বদা _____।

2.5 বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু থেকে ঐ বৃত্তে অঙ্কিত স্পর্শক এবং স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধ পরস্পর _____ হয়।

2.6 একটি নিরেট অর্ধগোলকের সমতলের সংখ্যা _____।

3. সত্য অথবা মিথ্যা লেখো (যে-কোনো পাঁচটি) : $1 \times 5 = 5$

3.1 একটি দ্রব্যের দাম 50 টাকা। প্রতি বছর 10% দাম বাড়লে 2 বছর পর দাম হবে 60 টাকা।

3.2 বার্ষিক 10% সরল সুদে যদি কোনো মূলধনের সুদ, মূলধনের $\frac{2}{3}$ অংশ হয়, তাহলে সময় লাগবে 20 বছর।

3.3 যদি $A \alpha B$ এবং $B \alpha C$ হয়, তাহলে $A \alpha C^2$।

3.4 যদি $x = \sqrt{5} + \sqrt{4}$ হয়, তবে $x + \frac{1}{x}$-এর মান হবে 9।

3.5 বহিঃস্থ কোনো বিন্দু থেকে বৃত্তের উপর কেবলমাত্র দুটি স্পর্শক অঙ্কন করা যায়।

3.6 কোনো লম্ববৃত্তাকার শঙ্কুর উচ্চতা ব্যাসার্ধের 3 গুণ হলে তার আয়তন হবে πr^3 ঘন একক।

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোনো দশটি) : $2 \times 10 = 20$

4.1 বার্ষিক কত হারে সুদে 4 বছরের সুদ ও আসলের অনুপাত 9 : 25 হবে?

4.2 বার্ষিক 5% হারে কত টাকার 2 বছরের চক্রবৃদ্ধি সুদ 246 টাকা হবে?

4.3 A ও B কোনো ব্যবসায় 1050 টাকা লাভ করে। যদি A-এর মূলধন 900 টাকা এবং লভ্যাংশ 630 টাকা হয়, তবে B-এর মূলধন কত?

4.4 $\sqrt{98}+\sqrt{8}-2\sqrt{32}$ -এর মান কত?

4.5 $(3a + 5b) : (3a - 5b) = 13 : 8$ হলে a : b-এর মান নির্ণয় করো।

4.6 ABCD বৃত্তস্থ চতুর্ভুজের AB বাহুকে X বিন্দু পর্যন্ত বর্ধিত করা হল এবং $\angle XBC = 82^o$, $\angle ADB = 47^o$, $\angle BAC =$ কত?

4.7 ABC ত্রিভুজের পরিকেন্দ্র O, AB = AC এবং $\angle BOC = 140^o$ হলে, $\angle ABC =$ কত?

4.8 দুটি বৃত্তের ব্যাসার্ধের দৈর্ঘ্য 8 সেমি ও 3 সেমি, তাদের কেন্দ্রদ্বয়ের মধ্যে দূরত্ব 13 সেমি। বৃত্ত দুটির সরল সাধারণ স্পর্শকের দৈর্ঘ্য নির্ণয় করো।

4.9 একটি বৃত্তের ব্যাসের দৈর্ঘ্য 10 সেমি, বৃত্তের কেন্দ্র থেকে একটি জ্যা-এর দূরত্ব 4 সেমি হলে, ওই জ্যা-এর দৈর্ঘ্য কত?

4.10 একটি শঙ্কু আকৃতির জলের পাত্রের ভূমির ব্যাস 14 ডেসিমি এবং 9 ডেসিমি। ওই পাত্রে কত লিটার জল ধরবে?

4.11 দুটি গোলকের বক্রতলের ক্ষেত্রফলের অনুপাত 9 : 4 হলে, তাদের আয়তনের অনুপাত নির্ণয় করো।

4.12 একটি ঘনকের প্রত্যেক তলের কর্ণের দৈর্ঘ্য $8\sqrt{2}$ মিটার হলে, ঘনকটির কর্ণের দৈর্ঘ্য কত?

5. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 2 = 10$

5.1 একটি তাঁত সমবায় সমিতি যন্ত্রচালিত তাঁত ক্রয় করার সময় 15,000 টাকা ধার করে। 5 বছর পর সেই ধার শোধ করতে সমিতিকে 22,125 টাকা দিতে হল। সমিতির বার্ষিক শতকরা সরল সুদের হার নির্ণয় করো।

5.2 রাজীব 3,750 টাকা মূলধন নিয়ে একটি ব্যবসা শুরু করল। 6 মাস পর সায়ন 15,000 টাকা মূলধন নিয়ে ওই ব্যবসায় যোগ দিল। বছরের শেষে 6,900 টাকা লাভ হলে কে কত লভ্যাংশ পাবে?

5.3 একটি মোটর গাড়ির মূল্য 3 লাখ টাকা। গাড়িটির ব্যাৎসরিক অপচয়ের হার 30% হলে, 3 বছর পরে গাড়িটির দাম কত হবে?

6. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $3 \times 2 = 6$

6.1 পেনের মূল্য প্রতি ডজনে 6 টাকা কমলে 30 টাকায় আরও 3টি পেন বেশি পাওয়া যায়। প্রতি ডজন পেনের বর্তমান মূল্য কত?

6.2 সমাধান করো : $3x - \frac{24}{x} = \frac{x}{3}$ $[x \neq 0]$

6.3 $ax^2 + bx + c = 0$ দ্বিঘাত সমীকরণটির একটি বীজ অপরটির দ্বিগুণ হলে, দেখাও যে, $\frac{b^2}{ac} = \frac{9}{2}$

7. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $3 \times 2 = 6$

7.1 $(x^3 + y^3) \propto (x^3 - y^3)$ হলে দেখাও যে, $(x + y) \propto (x - y)$

7.2 $x = \sqrt{2}$ হলে $\frac{x+\sqrt{x^2-1}}{x-\sqrt{x^2-1}} + \frac{x-\sqrt{x^2-1}}{x+\sqrt{x^2-1}}$ -এর মান নির্ণয় করো।

7.3 x, y-এর সঙ্গে সরলভেদে এবং z-এর সঙ্গে ব্যস্তভেদে এমনভাবে আছে যে, $y = 4$, $z = 5$ হলে $x = 3$ হয়। যখন $y = 16$, $z = 25$ তখন x-এর মান নির্ণয় করো।

8. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $3 \times 1 = 3$

8.1 a, b, c ক্রমিক সমানুপাতী হলে দেখাও যে, $a^2b^2c^2\left(\frac{1}{a^3}+\frac{1}{b^3}+\frac{1}{c^3}\right) = a^3 + b^3 + c^3$

8.2 $\frac{ay-bx}{c} = \frac{cx-az}{b} = \frac{bz-cy}{a}$ হলে দেখাও যে, $\frac{x}{a} = \frac{y}{b} = \frac{z}{c}$

9. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $1 \times 5 = 5$

9.1 প্রমাণ করো ব্যাস নয় এরূপ কোনো জ্যা-এর উপর বৃত্তের কেন্দ্র থেকে লম্ব অঙ্কন করা হলে, ওই লম্ব জ্যাটিকে সমদ্বিখণ্ডিত করবে।

9.2 প্রমাণ করো যে, কোনো সমকোণী ত্রিভুজের সমকৌণিক বিন্দু থেকে অতিভুজের উপর লম্ব অঙ্কন করলে, এই লম্বের উভয় পার্শ্বস্থিত ত্রিভুজদ্বয় সদৃশ এবং ওই ত্রিভুজগুলির প্রত্যেকে মূল ত্রিভুজের সঙ্গে সদৃশ।

10. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $3 \times 1 = 3$

10.1 APB বৃত্তের P বিন্দু থেকে AB ব্যাসের উপর লম্বের পাদবিন্দু N; প্রমাণ করো যে, $PB^2 = AB.NB$।

10.2 প্রমাণ করো, বৃত্তস্থ ট্রাপিজিয়াম সমদ্বিবাহু ট্রাপিজিয়াম এবং কর্ণদ্বয়ের দৈর্ঘ্য সমান।

11. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 1 = 5$

11.1 7.3 সেমি বাহুবিশিষ্ট একটি সমবাহু ত্রিভুজ অঙ্কন করো। ত্রিভুজটির অন্তর্বৃত্ত অঙ্কন করো।

11.2 8 সেমি দৈর্ঘ্য ও 4 সেমি প্রস্থবিশিষ্ট একটি আয়তক্ষেত্রের সমান ক্ষেত্রফলবিশিষ্ট বর্গক্ষেত্র অঙ্কন করো।

12. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $4 \times 4 = 16$

12.1 একটি লম্ববৃত্তাকার চোঙের পরিধি 15.4 সেমি এবং উচ্চতা 10 সেমি। তার আয়তন নির্ণয় করো।

12.2 একটি নিরেট গোলকের সমগ্রতলের ক্ষেত্রফল 1386 বর্গসেমি। গোলকটি গলিয়ে 7 সেমি ব্যাস ও 6 সেমি উচ্চতা বিশিষ্ট কতগুলি নিরেট শঙ্কু তৈরি করা যাবে?

12.3 একটি সমকোণী চৌপলের আকারের বাক্সের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতার অনুপাত 3 : 2 : 1 এবং তার আয়তন 384 ঘনডেসিমিটার হলে বাক্সটির সমগ্রতলের ক্ষেত্রফল কত?

12. দুটি লম্ববৃত্তাকার শঙ্কুর উচ্চতার অনুপাত 1 : 3 এবং তাদের ব্যাসার্ধের অনুপাত 3 : 1। শঙ্কুদ্বয়ের আয়তনের অনুপাত নির্ণয় করো।

12.5 একটি শঙ্কুর উচ্চতা 20 সেমি এবং তির্যক উচ্চতা 25 সেমি। শঙ্কুটির সমান আয়তনবিশিষ্ট একটি লম্ববৃত্তাকার চোঙের উচ্চতা 15 সেমি হলে, চোঙের ভূমির ব্যাস নির্ণয় করো।

12.6 8 সেমি ব্যাসের একটি নিরেট লোহার গোলককে গলিয়ে 1 সেমি ব্যাসার্ধের ক-টি গোলক তৈরি করা যাবে?

Subject : Mathematics

Time : 3 Hours 15 Minutes **F.M. - 90**

1. নিম্নলিখিত প্রশ্নগুলির প্রতিটির ক্ষেত্রে সঠিক উত্তরটি নির্বাচন করো : **$1 \times 6 = 6$**

1.1 বার্ষিক 10% সরল সুদের হারে কত বছরে সুদ ও আসলের অনুপাত 3 : 2 হবে?

(i) 12 বছর (ii) 15 বছর

(iii) 18 বছর (iv) 20 বছর

1.2 A ও B যথাক্রমে 4,500 টাকা ও 3,000 টাকা দিয়ে একটি ব্যবসা শুরু করে। বছরের শেষে ওই ব্যবসায় 75 টাকা ক্ষতি হলে, A-এর ক্ষতি হবে —

(i) 25 টাকা (ii) 30 টাকা

(iii) 40 টাকা (iv) 45 টাকা

1.3 $2a = 3b = 4c$ হলে $a : b : c$ হবে —

(i) 2 : 3 : 4 (ii) 3 : 4 : 6

(iii) 6 : 4 : 3 (iv) 4 : 3 : 6।

1.4 ABCD বৃত্তস্থ সামান্তরিক হলে, $\angle ABC$-এর মান হবে —

(i) 45° (ii) 60°

(iii) 90° (iv) 100°

1.5 O কেন্দ্রীয় বৃত্তের AB ও CD দুটি সমান জ্যা। O থেকে AB জ্যা-এর দূরত্ব 10 সেমি হলে, O থেকে CD জ্যা-এর দূরত্ব হবে —

(i) 5 সেমি (ii) 10 সেমি

(iii) 20 সেমি (iv) কোনোটিই নয়

1.6 আয়তঘনকের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা সমান হলে তাকে বলা হয় —

(i) বর্গক্ষেত্র (ii) রম্বস

(iii) ঘনক (iv) আয়তক্ষেত্র

2. শূন্যস্থান পূরণ করো (যে-কোনো পাঁচটি) : **$1 \times 5 = 5$**

2.1 2 বছরের চক্রবৃদ্ধি সুদের পরিমাণ = প্রথম বছরের সুদ + _____-এর 1 বছরের সুদ।

2.2 $2x^2 + 5x + 2 = 0$ সমীকরণের বীজদ্বয়ের সমষ্টি ও গুণফলের অনুপাত _____।

2.3 $a + b = \sqrt{5}$ এবং $a - b = \sqrt{3}$ হলে $(a^2 + b^2)$-এর মান _____।

2.4 একটি বৃত্তস্থ বর্গক্ষেত্রের একটি কর্ণ হল বৃত্তের একটি _____।

2.5 একটি বৃত্তে AB ও AC পরস্পর লম্ব দুটি জ্যা। AB = 4 সেমি ও AC = 3 সেমি হলে বৃত্তটির ব্যাসার্ধের দৈর্ঘ্য হবে _____।

2.6 একটি নিরেট গোলকের তলের সংখ্যা _____।

3. সত্য অথবা মিথ্যা লেখো (যে-কোনো পাঁচটি) : **$1 \times 5 = 5$**

3.1 একটি অংশীদারী কারবারে অন্তত দুজন লোকের দরকার।

3.2 যে ব্যক্তি টাকা ধার দেন তাকে উত্তমর্ণ বলে।

3.3 $\frac{x}{y} \propto x + y$ এবং $\frac{y}{x} \propto x - y$ হলে $x^2 - y^2 = 1$।

3.4 বৃত্তস্থ সামান্তরিক একটি আয়তক্ষেত্র।

3.5 সমদ্বিবাহু ট্রাপিজিয়ামের চারটি শীর্ষবিন্দু দিয়ে একটি বৃত্ত আঁকা সম্ভব।

3.6 একটি ঘনকের বাহুর দৈর্ঘ্য দ্বিগুণ হলে, তার আয়তন পূর্বের 4 গুণ হবে।

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোনো দশটি) : **$2 \times 10 = 20$**

4.1 বার্ষিক 4% হার সুদে 1000 টাকার 2 বছরের সবৃদ্ধিমূল নির্ণয় করো।

4.2 সবিতার মূলধন কোনো ব্যবসায় কবিতার মূলধনের $2\frac{1}{2}$ গুণ হলে, তাদের দুজনের লভ্যাংশ-এর অনুপাত কত হবে?

4.3 বার্ষিক শতকরা 12% সরল সুদের হারে কত টাকার মাসিক সুদ 100 টাকা হবে নির্ণয় করো।

4.4 $5x^2 - 3x + 2 = 0$ সমীকরণের বীজদ্বয় α ও β হলে $\frac{1}{\alpha} + \frac{1}{\beta}$-এর মান নির্ণয় করো।

4.5 $x \propto y^2$ এবং $y = 2a$ যখন $x = a$, x ও y-এর মধ্যে সম্পর্ক নির্ণয় করো।

4.6 ABC ত্রিভুজের পরিকেন্দ্র O। যদি $\angle BAC = 85^\circ$, $\angle BCA = 75^\circ$ হলে, তবে $\angle AOC$ ও $\angle OAC$-এর মান নির্ণয় করো।

4.7 ABC সমকোণী ত্রিভুজের $\angle ABC = 90^\circ$ এবং $BD \perp AC$ যদি BD = 8 সেমি এবং AD = 4 সেমি হয়, তাহলে CD-এর দৈর্ঘ্য নির্ণয় করো।

4.8 দুটি সদৃশ ত্রিভুজের পরিসীমা যথাক্রমে 20 সেমি ও 16 সেমি। প্রথম ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য 9 সেমি হলে, দ্বিতীয় ত্রিভুজের অনুরূপ বাহুর দৈর্ঘ্য নির্ণয় করো।

4.9 ABCD একটি বৃত্তস্থ চতুর্ভুজ, যদি $\angle COD = 120^o$ এবং $\angle BAC = 30^o$ হয়, তবে $\angle BOC$ ও $\angle BCD$-এর মান নির্ণয় কর। O হল বৃত্তের কেন্দ্র।

4.10 একটি লম্ববৃত্তাকার চোঙের ভূমির ব্যাস r একক এবং উচ্চতা 2h একক হলে সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় করো।

4.11 একটি লম্ববৃত্তাকার শঙ্কুর ভূমিতলের ক্ষেত্রফল তার বক্রতলের ক্ষেত্রফলের $\frac{1}{\sqrt{5}}$ গুণ। উচ্চতা ও ব্যাসার্ধের অনুপাত নির্ণয় করো।

4.12 একটি নিরেট অর্ধগোলকের আয়তন 144π ঘনসেমি হলে, তার সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় করো।

5. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : **$5 \times 2 = 10$**

5.1 পাড়ার একটি লেদ কারখানার একটি মেশিনের মূল্য প্রতিবছর 10% হ্রাস পায়। মেশিনটির বর্তমান মূল্য 1,00,000 টাকা হলে 3 বছর পরে মেশিনটির মূল্য কত হবে?

5.2 বার্ষিক 10% চক্রবৃদ্ধি সুদের হারে কত বছরে 3,00,000 টাকার সমূল চক্রবৃদ্ধি 3,99,300 টাকা হবে?

5.3 যদি বার্ষিক 10% হার সরল সুদে 800 টাকা ব্যাংকে জমা দিয়ে সুদে-আসলে 1,200 টাকা ফেরত পাওয়া যায়, তবে ওই টাকা কত সময়ের জন্য ব্যাংকে জমা রাখা হয়েছিল?

6. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : **$3 \times 2 = 6$**

6.1 সমাধান করো : $\frac{x}{x+1} + \frac{x+1}{x} = 2\frac{1}{12} \; (x \neq 0, -1)$

6.2 শ্রীধর আচার্য্যের সূত্র প্রয়োগ করে সমাধান করো : $(3x - 2)(5x + 2) + 1 = 0$.

6.3 যে সমীকরণের বীজগুলি $x^2 + px + 1 = 0$ সমীকরণের বীজগুলির অন্যোন্যক, সেই সমীকরণটি নির্ণয় করো।

7. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : **$3 \times 2 = 6$**

7.1 $x \propto y$ এবং $y \propto z$ হলে দেখাও যে, $x^2 + y^2 + z^2 \propto xy + yz + zx$।

7.2 যদি $x = 2 + \sqrt{3}$ এবং $y = 2 - \sqrt{3}$ তবে $xy + \frac{1}{xy}$-এর মান কত?

7.3 সরল করো : $\frac{3\sqrt{2}}{\sqrt{3}+\sqrt{6}} - \frac{4\sqrt{3}}{\sqrt{6}+\sqrt{2}} + \frac{\sqrt{6}}{\sqrt{2}+\sqrt{3}}$ ।

8. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : **$3 \times 1 = 3$**

8.1 $\frac{a+b}{b+c} = \frac{c+d}{d+a}$ হলে দেখাও যে, $a + b + c + d = 0$।

8.2 $\frac{x}{a} = \frac{y}{b} = \frac{z}{c}$ হলে দেখাও যে, $\frac{x^2 - yz}{a^2 - bc} = \frac{y^2 - zx}{b^2 - ca} = \frac{z^2 - xy}{c^2 - ab}$ ।

9. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : **5 × 1 = 5**

9.1 প্রমাণ করো যে, বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু থেকে যে দুটি স্পর্শক অঙ্কন করা যায় তাদের স্পর্শবিন্দু দুটির সঙ্গে বহিঃস্থ বিন্দুর সংযোজক সরলরেখাংশ দুটির দৈর্ঘ্য সমান হয় এবং তারা কেন্দ্রে সমান কোণ উৎপন্ন করে।

9.2 প্রমাণ করো যে, কোনো বৃত্তের একই বৃত্তচাপের উপর গঠিত কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ হবে।

10. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : **3 × 1 = 3**

10.1 প্রমাণ করো যে, বৃত্তস্থ সামান্তরিক একটি আয়তক্ষেত্র।

10.2 X, Y কেন্দ্রবিশিষ্ট দুটি বৃত্ত পরস্পরকে C ও D বিন্দুতে ছেদ করেছে। প্রমাণ করো যে, XY সাধারণ জ্যা CD-এর লম্ব সমদ্বিখণ্ডক।

11. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : **5 × 1 = 5**

11.1 7 সেমি, 6 সেমি ও 5.5 সেমি বাহুবিশিষ্ট একটি ত্রিভুজ অঙ্কন করো। ত্রিভুজটির অন্তর্বৃত্ত অঙ্কন করো।

11.2 যে কোনো একটি বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু থেকে ওই বৃত্তটির একটি স্পর্শক অঙ্কন করো।

12. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : **4 × 4 = 16**

12.1 একটি সমকোণী চৌপল আকারের বাক্সের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতার অনুপাত 3 : 2 : 1 এবং তার আয়তন 384 ঘন সেমি হলে বাক্সটির সমগ্রতলের ক্ষেত্রফল কত?

12.2 4.2 সেমি দৈর্ঘ্যের ব্যাসার্ধের একটি সোনার নিরেট গোলক পিটিয়ে 2.8 সেমি দৈর্ঘ্যের ব্যাসের একটি নিরেট লম্ববৃত্তাকার দণ্ড তৈরি করা হল, দণ্ডটির দৈর্ঘ্য কত হবে?

12.3 একটি নিরেট অর্ধগোলক ও একটি নিরেট শঙ্কুর ভূমিতলের ব্যাসের দৈর্ঘ্য সমান ও উচ্চতা সমান হলে তাদের আয়তনের অনুপাত এবং বক্রতলের ক্ষেত্রফলের অনুপাত নির্ণয় করো।

12.4 27 সেমি ব্যাসের একটি চোঙাকৃতি পাত্রে পর্যাপ্ত জল আছে। এতে 9 সেমি ব্যাসের 6টি গোলক সম্পূর্ণ ডুবিয়ে দেওয়া হল। এর ফলে জলের উচ্চতা কত বাড়বে?

12.5 লম্ববৃত্তাকার শঙ্কু আকৃতির একটি তাঁবুর ভূমিতলের ক্ষেত্রফল 13.86 বর্গমিটার। তাঁবুটি তৈরি করতে 5,775 টাকা মূল্যের ত্রিপল লাগে এবং প্রতি বর্গমিটার ত্রিপলের মূল্য 250 টাকা। তাঁবুটির উচ্চতা নির্ণয় করো।

12.6 একটি আয়তঘনাকার বাক্সের আয়তন 440 ঘনডেসিমি এবং ভূমিতলের ক্ষেত্রফল 88 বর্গডেসিমি হলে, বাক্সটির উচ্চতা কত?

Subject : Mathematics

Time : 3 Hours 15 Minutes **F.M. - 90**

1. নিম্নলিখিত প্রশ্নগুলির প্রতিটি ক্ষেত্রে সঠিক উত্তরটি নির্বাচন করো : 1 × 6 = 6

1.1 বার্ষিক 5% সরলসুদের হারে x টাকার মাসিক সুদ 1 টাকা হলে, x-এর মান —

(i) 200 (ii) 220

(iii) 240 (iv) 260

1.2 কোনো, যৌথ ব্যবসায় A, 1800 টাকা কিছু সময়ের জন্য এবং B, 1000 টাকা 9 মাসের জন্য খাটাল। উভয়ের লাভের পরিমাণ সমান হলে, A-এর টাকা খেটেছিল —

(i) 1 বছর (ii) 2 বছর

(iii) 8 মাস (iv) 5 মাস

1.3 $\frac{1}{3}$, $\frac{1}{4}$ ও $\frac{1}{6}$-এর চতুর্থ সমানুপাতী —

(i) $\frac{1}{12}$ (ii) $\frac{1}{8}$

(iii) $\frac{1}{9}$ (iv) $\frac{3}{10}$

1.4 একটি বৃত্তের ব্যাসার্ধ 13 সেমি এবং এর একটি জ্যা-এর দৈর্ঘ্য 24 সেমি। বৃত্তের কেন্দ্র থেকে জ্যা-এর লম্ব দূরত্ব —

(i) 5 সেমি (ii) 12 সেমি

(iii) 8 সেমি (iv) 10 সেমি

1.5 অর্ধবৃত্তাংশস্থ অপেক্ষা ক্ষুদ্রতর বৃত্তাংশস্থ কোণ একটি —

(i) সূক্ষ্মকোণ (ii) সমকোণ

(iii) স্থূলকোণ (iv) সরলকোণ

1.6 একটি ঘনকের পার্শ্বতলের (4 টি) ক্ষেত্রফল 256 বর্গমিটার হলে, তার আয়তন হবে —

(i) 64 ঘনমিটার (ii) 216 ঘনমিটার

(iii) 256 ঘনমিটার (iv) 512 ঘনমিটার

2. শূন্যস্থান পূরণ করো (যে-কোনো পাঁচটি) : $1 \times 5 = 5$

2.1 সময়ের সঙ্গে কোনো কিছুর নির্দিষ্ট হারে হ্রাস হলে সেটি হল সমহার _____।

2.2 $7x^2 - 12x + 18 = 0$ বীজদ্বয়ে সমষ্টি ও গুণফলের অনুপাত _____।

2.3 $x \propto \frac{1}{y}$ এবং $y \propto \frac{1}{z}$ হলে $x \propto$ _____।

2.4 দুটি বৃত্ত পরস্পরকে স্পর্শ করলে বৃত্তের কেন্দ্রদ্বয় ও স্পর্শ বিন্দু _____।

2.5 বৃত্তের কোনো জ্যা-এর লম্ব সমদ্বিখণ্ডক ঐ বৃত্তের _____।

2.6 একটি লম্ব বৃত্তাকার শঙ্কুর ভূমির ব্যাসার্ধ-এর উচ্চতার সমান হলে এর তির্যক উচ্চতা ভূমির ব্যাসার্ধের _____ গুন হবে।

3. সত্য অথবা মিথ্যা লেখো (যে-কোনো পাঁচটি) : $1 \times 5 = 5$

3.1 কোনো যৌথ ব্যবসায় লভ্যাংশের বণ্টন, অংশীদারের মূলধন ও সময় উভয়ের উপর নির্ভর করে।

3.2 সরল সুদ কেবলমাত্র আসলের উপর নির্ভর করে।

3.3 $x^{10} + 5x^5 - 2 = 0$ সমীকরণটি x^5-এর সাপেক্ষে দ্বিঘাত সমীকরণ।

3.4 $\sqrt{125}$ থেকে $\sqrt{5}$ বিয়োগ করলে বিয়োগফল হবে $\sqrt{120}$ ।

3.5 দুটি সদৃশ ত্রিভুজের ক্ষেত্রফলের অনুপাত তাদের অনুরূপ বাহুগুলির অনুপাতের সঙ্গে সমান।

3.6 একটি নিরেট অর্ধগোলকের ব্যাসার্ধের দৈর্ঘ্য দ্বিগুণ করলে গোলকটির আয়তন 8 গুণ হবে।

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোনো দশটি) : $2 \times 10 = 20$

4.1 বার্ষিক 10% হারে 100 টাকার 2 বছরের সরল সুদ ও চক্রবৃদ্ধি সুদের পার্থক্য নির্ণয় করো।

4.2 তিন বন্ধুর মূলধনের অনুপাত 3 : 8 : 5। তৃতীয় ব্যক্তি অপেক্ষা প্রথম ব্যক্তি 240 টাকা কম পেল, মোট লাভের পরিমাণ কত ছিল?

4.3 কোনো গ্রামের জনসংখ্যা P এবং প্রতি বছর জনসংখ্যা বৃদ্ধির হার r % হলে n বছর পর জনসংখ্যা কত হবে?

4.4 $\sqrt{98} + \sqrt{8} - 2\sqrt{32}$ -এর মান নির্ণয় করো।

4.5 A : B = 2 : 3, B : C = 4 : 5 হলে A : B : C -এর মান নির্ণয় করো।

4.6 দুটি বৃত্ত পরস্পরকে অন্তঃস্পর্শ করেছে। বৃহত্তর বৃত্তের ব্যাসার্ধ 6 সেমি ও কেন্দ্রদ্বয়ের দূরত্ব 2 সেমি হলে ক্ষুদ্রতর বৃত্তের ব্যাসার্ধ কত?

4.7 ΔABC-এর $DE \parallel BC$ এবং AD : DB = 3 : 2 হলে AE : AC-এর মান কত হবে?

4.8 ABCD বৃত্তস্থ চতুর্ভুজের BC বাহুকে E পর্যন্ত বর্ধিত করা হল। $\angle ECD = 70^\circ$ হলে $\angle BAD$-এর মান কত?

4.9 O কেন্দ্রীয় বৃত্তের AB একটি ব্যাস। P পরিধির উপর অবস্থিত এমন একটি বিন্দু যে $\angle POA = 120^\circ$ হলে $\angle PBO$-এর মান নির্ণয় করো।

4.10 একটি নিরেট অর্ধগোলকের দৈর্ঘ্য 2r একক হলে সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় করো।

4.11 দুটি লম্ববৃত্তাকার চোঙের উচ্চতার অনুপাত 1 : 2 এবং ভূমির পরিধির অনুপাত 3 : 4 হলে, তাদের আয়তনের অনুপাত নির্ণয় করো।

4.12 একটি আয়তঘনকার বাক্সের আয়তন 440 ঘনডেসিমি এবং ভূমিতলের ক্ষেত্রফল 88 বর্গডেসিমি হলে, তার উচ্চতা কত?

5. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 2 = 10$

5.1 একজন লোক বছরে 7% সরল সুদে 4,000 টাকা ঋণ নেন এবং প্রথম ঋণের ঠিক এক বছর পর বছরে 8% সরল সুদে 4,000 টাকা দ্বিতীয় ঋণ নেন। প্রথম ঋণ নেওয়ার কত বছর পরে তার ঐ দুই ঋণের সুদ সমান হবে?

5.2 শামিম ও নাসিম যথাক্রমে 45,000 টাকা ও 75,000 টাকা দিয়ে একটি যৌথ ব্যবসা শুরু করেন। 6 মাস পর শামিম আরও 60,000 টাকা নিয়োজিত করেন কিন্তু নাসিম 15,000 টাকা তুলে নেন। বছরের শেষে 28,500 টাকা লাভ হলে, কে কত লভ্যাংশ পাবে?

5.3 পাড়ার একটি লেদ কারখানার একটি মেশিনের মূল্য প্রতি বছর 10% হ্রাস পায়। মেশিনটির বর্তমান মূল্য 1,00,000 টাকা হলে 3 বছর পর ঐ মেশিনটির মূল্য কত হবে?

6। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $3 \times 2 = 6$

6.1 সমাধান করো : $(2x+1)+\frac{3}{2x+1}=4 \quad \left[x \neq -\frac{1}{2}\right]$

6.2 দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার একক স্থানীয় অঙ্কটি দশক স্থানীয় অঙ্ক অপেক্ষা 6 বেশি এবং অঙ্কদ্বয়ের গুণফল সংখ্যাটির চেয়ে 12 কম। সংখ্যাটি কত?

6.3 $a(b-c)x^2 + b(c-a)x + c(a-b) = 0$ সমীকরণের বীজদ্বয় সমান হলে প্রমাণ করো $\frac{1}{a}+\frac{1}{c}=\frac{2}{b}$ ।

7. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $3 \times 2 = 6$

7.1 15 জন কৃষক 5 দিনে 18 বিঘা জমি চাষ করতে পারেন। ভেদতত্ত্বের সাহায্যে 10 জন কৃষকের 12 বিঘা জমি চাষ করতে কত দিন লাগবে তা নির্ণয় করো।

7.2 $a=\frac{1}{2+\sqrt{3}}$ এবং $b=\frac{1}{2-\sqrt{3}}$ হলে $\left(\frac{1}{a+1}+\frac{1}{b+1}\right)$-এর মান নির্ণয় করো।

7.3 সরল করো : $\frac{3\sqrt{20}+2\sqrt{28}+\sqrt{12}}{5\sqrt{45}+2\sqrt{175}+\sqrt{75}}$

8. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $3 \times 1 = 3$

8.1 $(10x + 3y) : (5x + 2y) = 9 : 5$ হলে দেখাও যে, $(2x + y) : (x + 2y) = 11 : 13$।

8.2 $\frac{a}{q-r}=\frac{b}{r-p}=\frac{c}{p-q}$ হলে, দেখাও যে, $a + b + c = 0 = pa + qb + rc$।

9. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 1 = 5$

9.1 প্রমাণ করো, বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু থেকে যে দুটি স্পর্শক অঙ্কন করা যায় তাদের স্পর্শ বিন্দু দুটির সঙ্গে বহিঃস্থ বিন্দুর সংযোজক সরলরেখাংশ দুটির দৈর্ঘ্য সমান এবং তারা কেন্দ্রে সমান কোণ উৎপন্ন করে।

9.2 প্রমাণ করো যে, কোনো সমকোণী ত্রিভুজের সমকৌণিক বিন্দু থেকে অতিভুজের উপর লম্ব অঙ্কন করলে, এই লম্বের উভয় পার্শ্বস্থিত ত্রিভুজদ্বয় সদৃশ এবং ওই ত্রিভুজগুলির প্রত্যেকে মূল ত্রিভুজের সঙ্গে সদৃশ।

10. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $3 \times 1 = 3$

10.1 একটি বৃত্তের AB ও CD দুটি জ্যা। BA ও DC-কে বর্ধিত করলে পরস্পরকে P বিন্দুতে ছেদ করে। প্রমাণ করো যে, $\angle PCB = \angle PAD$।

10.2 O কেন্দ্রীয় বৃত্তের পরিলিখিত চতুর্ভুজ ABCD হলে প্রমাণ করো যে, $AB + CD = AD + BC$।

11. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 1 = 5$

11.1 একটি সমকোণী ত্রিভুজ অঙ্কন করো যার সমকোণ সংলগ্ন বাহু দুটির দৈর্ঘ্য যথাক্রমে 7 সেমি ও 9 সেমি। ত্রিভুজটির অন্তর্বৃত্ত অঙ্কন করো।

11.2 2.8 সেমি দৈর্ঘ্যের ব্যাসার্ধ বিশিষ্ট একটি বৃত্ত অঙ্কন করো। বৃত্তের কেন্দ্র থেকে 7.5 সেমি দূরে অবস্থিত একটি বহিঃস্থ বিন্দু থেকে ঐ বৃত্তের দুটি স্পর্শক অঙ্কন করো।

12. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $4 \times 4 = 16$

12.1 যদি 14 সেমি ব্যাসের পাইপযুক্ত একটি পাম্পসেট মিনিটে 2500 মিটার জলসেচ করতে পারে, তাহলে ঐ পাম্পটি 1 ঘণ্টায় কত কিলোলিটার জল ধরবে?

12.2 12 সেমি ব্যাসবিশিষ্ট একটি সিসার গোলককে গলিয়ে তিনটি ছোটো আকারের গোলক তৈরি করা হল, যাদের ব্যাসের অনুপাত 3 : 4 : 5। ছোটো গোলকগুলির প্রত্যেকটির ব্যাসার্ধ নির্ণয় করো।

12.3 লম্ববৃত্তাকার শঙ্কু আকৃতির একটি তাঁবুর ভূমিতলের ক্ষেত্রফল 13.86 বর্গমিটার। তাঁবুটি তৈরি করতে 5,775 টাকা মূল্যের ত্রিপল লাগে এবং প্রতি বর্গমিটার ত্রিপলের মূল্য 250 টাকা। তাঁবুটির উচ্চতা কত?

12.4 6 সেমি ব্যাসার্ধবিশিষ্ট একটি চোঙাকৃতি পাত্রে কিছু জল আছে। প্রত্যেকটি 1.5 সেমি ব্যাসার্ধবিশিষ্ট কয়েকটি নিরেট লোহার গোলককে ঐ জলে সম্পূর্ণ নিমজ্জিত করা হল। পাত্রের জলতল 2 সেমি তুলতে কতগুলি গোলক প্রয়োজন?

12.5 একটি সমকোণী চৌপলের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতার অনুপাত 4 : 2 : 1 এবং সমকোণী চৌপলটির সমগ্রতলের ক্ষেত্রফল 112 বর্গসেমি। ঐ সমকোণী চৌপলের সমান আয়তনের একটি ঘনকের সমগ্রতলের ক্ষেত্রফল কত?

12.6 দুই মুখ খোলা লোহার তৈরি একটি লম্ববৃত্তাকার চোঙের উচ্চতা 42 সেমি। চোঙটি 1 সেমি পুরু এবং তার বহির্ব্যাসের দৈর্ঘ্য 10 সেমি হলে, চোঙটিতে কত পরিমাণ লোহা দিয়ে তৈরি।

SAMPLE QUESTIONS

Sub – Physical Science and Environment

Time : 2 Hours 15 Minutes **F.M. - 40**

বিভাগ — ক

1. বহু বিকল্পভিত্তিক (MCQ) প্রতিটি প্রশ্নের উত্তর দিতে হবে : $1 \times 8 = 8$
সঠিক উত্তরটি নির্বাচন করে তোমার উত্তরপত্রে লেখো :

1.1 বায়ুমণ্ডলের সবচেয়ে নীচের স্তরটি হল —

(i) মেসোস্ফিয়ার (ii) ট্রপোস্ফিয়ার

(iii) ওজোনোস্ফিয়ার (iv) স্ট্র্যাটোস্ফিয়ার

1.2 বয়েলের সূত্রে ধ্রুবক রাশিগুলি হল —

(i) ভর ও উষ্ণতা (ii) চাপ ও আয়তন

(iii) উষ্ণতা ও চাপ (iv) উষ্ণতা ও আয়তন

1.3 বিবর্ধক কাচ হিসাবে কোন্ লেন্স ব্যবহৃত হয়?

(i) সমতল (ii) উত্তল

(iii) অবতল (iv) সমতল-অবতল

1.4 তড়িৎ আধানের একক কী?

(i) ওহম (ii) ভোল্ট

(iii) কুলম্ব (iv) অ্যাম্পিয়ার

1.5 একটি হ্যালোজেন মৌল হল —

(i) সোডিয়াম (ii) আয়রন

(iii) অ্যালুমিনিয়াম (iv) ক্লোরিন

1.6 একটি ক্ষার ধাতু হল —

(i) অক্সিজেন (ii) অ্যালুমিনিয়াম

(iii) সোডিয়াম (iv) জিঙ্ক

1.7 একটি সমযোজী যৌগ হল —

(i) খাদ্যলবণ (ii) চুন

(iii) ব্লিচিং পাউডার (iv) মিউরিয়েটিক অ্যাসিড

1.8 জলের তড়িৎ বিশ্লেষণে ক্যাথোডে উৎপন্ন হয় —

(i) হাইড্রোজেন (ii) অক্সিজেন

(iii) নাইট্রোজেন (iv) ক্লোরিন

বিভাগ — খ

2. **নির্দেশমতো উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) :** $1 \times 8 = 8$

2.1 শূন্যস্থান পূরণ করো : $1 \times 2 = 2$

2.1.1 বায়ুমণ্ডলের ..... স্তরে অতিবেগুনি রশ্মি শোষিত হয়।

অথবা, ওজোন স্তর ধ্বংসকারী হ্যালোজেন যৌগ হল .....।

2.1.2 বরফ গলনের উষ্ণতা কেলভিন স্কেলে ..... K।

2.2 নীচের বাক্যগুলি সত্য অথবা মিথ্যা নিরূপণ করো : $1 \times 2 = 2$

2.2.1 তাপ প্রয়োগে গ্যাসের আয়তন প্রসারণ ঘটে।

অথবা

–273°C তাপমাত্রায় আদর্শ গ্যাসের আয়তন শূন্য হয়।

2.2.2 ব্যাটারির ধনাত্মক মেরুর সঙ্গে যুক্ত তড়িৎদ্বারকে ক্যাথোড বলে।

অথবা

তড়িৎলেপনের সময়ে যে পদার্থের প্রলেপ দিতে হবে সেটিকে ক্যাথোড রূপে ব্যবহার করতে হয়।

2.3 একটি শব্দে বা বাক্যে উত্তর দাও : $1 \times 2 = 2$

2.3.1 তড়িৎপ্রবাহ মাত্রার SI একক কী?

অথবা

ওহম কোন রাশির একক?

2.3.2 একটি সন্ধিগত মৌলের নাম লেখো।

অথবা

একটি নিষ্ক্রিয় গ্যাসের নাম লেখো।

2.4 A স্তম্ভের সাথে B স্তম্ভের সর্বাপেক্ষা সম্পর্কযুক্ত শব্দটি মিলিয়ে নতুন করে লেখো : $1 \times 2 = 2$

	A স্তম্ভ		**B স্তম্ভ**
2.4.1	তড়িৎ বিশ্লেষ্য পদার্থ	(i)	Ca
2.4.2	ক্ষারীয় মৃত্তিকা মৌল	(ii)	Nacl
		(iii)	Hg

বিভাগ — গ

3. সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : $2 \times 9 = 18$

3.1 গ্রিন হাউস এফেক্ট কী?

অথবা

ওজোন স্তর নষ্ট হওয়ার দুটি কারণ লেখো।

3.2 গ্যাস সম্পর্কিত বয়েলের সূত্রটি উল্লেখ করো।

3.3 প্রতিসরণের সংজ্ঞা লেখো।

অথবা

প্রিজম কাকে বলে?

3.4 ওহমের সূত্রটি লেখো।

3.5 রোধের সংজ্ঞা লেখো।

অথবা

রোধ কী কী বিষয়ের উপর নির্ভর করে তা লেখো।

3.6 আধুনিক পর্যায় সারণীতে পর্যায় ও শ্রেণির সংখ্যা উল্লেখ করো।

অথবা

আধুনিক পর্যায় সূত্রটি লেখো।

3.7 তড়িৎ যোজ্যতার সংজ্ঞা লেখো।

3.8 তড়িৎ বিশ্লেষণ কাকে বলে?

3.9 তড়িৎ লেপনের সংজ্ঞা লেখো।

অথবা

তড়িৎ লেপনের দুটি প্রয়োজনীয়তা লেখো।

বিভাগ — ঘ

4. নির্দেশমতো উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : $3 \times 2 = 6$

4.1 ফিউজ তার কী? এর একটি ব্যবহার লেখো। $2 + 1 = 3$

অথবা

তড়িৎ চুম্বক কী? এর একটি ব্যবহার লেখো। $2 + 1 = 3$

4.2 আয়োনাইজেশন শক্তির সংজ্ঞা ও একক লেখো। $2 + 1 = 3$

অথবা

তড়িৎ ঋণাত্মকতার সংজ্ঞা লেখো। সর্বাধিক তড়িৎ ঋণাত্মক মৌলটির নাম লেখো। $2 + 1 = 3$

SAMPLE QUESTIONS

Subject : Physical Science and Environment

Time : 2 Hours 15 Minutes **F.M. - 40**

বিভাগ — ক

1. বহু বিকল্প ভিত্তিক প্রশ্ন (MCQ)-এর প্রতিটি উত্তর দিতে হবে। সঠিক উত্তরটি নির্বাচন করে তোমার উত্তরপত্রে লেখো: $1 \times 8 = 8$

1.1 নীচের কোন্‌টি গ্রিন হাউস গ্যাস নয়?

(i) N_2 (ii) CO_2

(iii) CH_4 (iv) CFC

1.2 27°C উষ্ণতার মান কেলভিন স্কেলে হবে —

(i) 273 K (ii) 173 K

(ii) 300 K (iv) 0 K

1.3 কাচের স্লাবে আপতিত রশ্মি ও নির্গত রশ্মির মধ্যবর্তী কোণ —

(i) 360° (ii) 0°

(iii) 30° (iv) 90°

1.4 রোধাঙ্কের অনোন্যক রাশিকে কী বলা হয়—

(i) পরিবাহিতাঙ্ক (ii) তড়িৎচালক বল

(iii) বিভব প্রভেদ (iv) পরিবাহিতা

1.5 পর্যায় সারণির মোট পর্যায় সংখ্যা —

(i) 8 (ii) 7

(iii) 15 (iv) 9

1.6 একটি তীব্র তড়িৎ বিশ্লেষ্য পদার্থের উদাহরণ —

(i) CH_3COOH (ii) NH_4OH

(iii) KOH (iv) H_2S

1.7 যে পাত্রে তড়িৎ বিশ্লেষণ প্রক্রিয়াটি সম্পন্ন হয়—

(i) ভোল্টামিটার (ii) ভোল্টমিটার

(iii) অ্যামমিটার (iv) হাইগ্রোমিটার

1.8 ধাতুর সক্রিয়তা শ্রেণি অনুযায়ী সবচেয়ে উপরে সক্রিয় ধাতুটি —

(i) Fe (ii) Au

(iii) K (iv) Ca

বিভাগ - খ

2. নির্দেশমতো উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : 1×8=8

2.1 শূন্যস্থান পূরণ করো : 1×2=2

(i) মেরুজ্যোতি দেখা যায় বায়ুমণ্ডলের _____ স্তরে। অথবা তড়িৎচালক বলের ব্যবহারিক একক _____।

(ii) পর্যায় সারণিতে হাইড্রোজেনের অবস্থান বিতর্কিত তাই একে _____ বলা হয়। অথবা, প্রমাণ উষ্ণতা ও চাপে যে কোনো পদার্থের এক মোল-এর আয়তন _____ লিটার।

2.2 নীচের বাক্যগুলি সত্য অথবা মিথ্যা নিরূপণ করো : 1×2=2

(i) ওহমের সূত্র অনুসারে তড়িৎ প্রবাহমাত্রা বিভব পার্থক্যের সমানুপাতিক। **অথবা,** NaCl একটি তড়িৎযোজী যৌগ. [ ]

(ii) মোটর গাড়ির ভিউফাইন্ডারে অবতল দর্পণ ব্যবহৃত হয়। **অথবা,** আধুনিক পর্যায় সারণিতে 19টি শ্রেণি আছে। [ ]

2.3 A স্তম্ভের সাথে B স্তম্ভের সর্বাপেক্ষা সম্পর্কযুক্ত শব্দটি মিলিয়ে নতুন করে লেখো : 1×2=2

A স্তম্ভ	B স্তম্ভ
(i) বৈদ্যুতিক মিটারের রিডিং নিতে একক হিসেবে ব্যবহৃত হয়।	(a) 273K
(ii) পরমশূন্য উষ্ণতার মান	(b) BOT
	(c) -273K

2.4 একটি শব্দ বা একটি বাক্যে উত্তর দাও (যে-কোনো দুটি) : 1×2=2

(i) সিজিএস পদ্ধতিতে সার্বজনীন গ্যাস ধ্রুবক R-এর মান কত? **অথবা,** তড়িৎ লেপনের একটি উদ্দেশ্য লেখো।

(ii) দুটি হ্যালোজেন মৌলের নাম লেখো। **অথবা,** বাষ্প ঘনত্বের সঙ্গে আণবিক গুরুত্বের সম্পর্কটি লেখো।

বিভাগ- গ

3. সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : 2×9 = 18

3.1 ওজোন হোল বলতে কী বোঝায়? **অথবা,** মিথেন হাইড্রেট কী?

3.2 নির্দিষ্ট ভরের একটি গ্যাস 27°C উষ্ণতায় আছে। চাপ স্থির রেখে কোন্ উষ্ণতায় উত্তপ্ত করলে এর আয়তন দ্বিগুণ হবে? **অথবা,** বয়েলের সূত্রটি বিবৃত করো।

3.3 24.5 গ্রাম পটাশিয়াম ক্লোরেট কে উত্তপ্ত করলে কত গ্রাম অক্সিজেন পাওয়া যাবে? দেওয়া আছে, (K = 39, Cl = 35.5, O = 16)

3.4 একটি বস্তু উত্তল লেন্স থেকে 15 সেন্টিমিটার দূরে আছে। প্রতিবিম্বটি লেন্স থেকে 10 সেন্টিমিটার দূরে গঠিত হয়। রৈখিক বিবর্ধন নির্ণয় করো। **অথবা,** আলোক বিচ্ছুরণ-এর সংজ্ঞা দাও।

3.5 রোধাঙ্ক-র সংজ্ঞা দাও। **অথবা** তড়িৎচালক বল এবং আভ্যন্তরীণ রোধের মধ্যে সম্পর্কটি লেখো। রোধের ব্যবহারিক একক লেখো।

3.6 আর্থিং বলতে কী বোঝায়? **অথবা,** শর্ট সার্কিট কী?

3.7 লুইস ডট চিত্রের সাহায্যে জলের অণুর গঠন দেখাও। **অথবা,** তড়িৎ বিশ্লেষণ বলতে কী বোঝায়?

3.8 আধুনিক পর্যায় সূত্রটি বিবৃত করো। **অথবা,** $_{19}K$ মৌলটি কোন্ পর্যায়ে ও শ্রেণিতে অবস্থিত?

3.9 তড়িৎযোজী বন্ধন-এর দুটি বৈশিষ্ট্য লেখো। **অথবা,** লোহার তৈরি একটি বস্তুর ওপর তামার প্রলেপ দিতে অ্যানোড এবং ক্যাথোড হিসেবে কী ব্যবহার করবে? কোন্ তড়িৎ বিশ্লেষ্যটি নেবে?

বিভাগ - ঘ

4. **নির্দেশমতো উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) :** $3\times2 = 6$

4.1 মৌলের ধর্মের পর্যায়বৃত্ততা বলতে কী বোঝো? মৌলের একটি অপর্যায়বৃত্ত ধর্মের উদাহরণ দাও।

4.2 স্নেলের সূত্রগুলি বিবৃত করো। **অথবা,** বিপদ সংকেত হিসেবে লাল বর্ণের আলোর ব্যবহার করা হয় কেন?

Subject : Physical Sciences & Environment

Time : 2 Hours 15 Minutes **F.M. - 40**

বিভাগ — ক

1. বহু বিকল্পভিত্তিক প্রশ্ন (MCQ) **এর প্রতিটি উত্তর দিতে হবে। সঠিক উত্তরটি নির্বাচন করে তোমার উত্তরপত্রে লেখো :** $1 \times 8 = 8$

1.1 বায়ুমণ্ডলের কোন্ স্তরে ভ্যান অ্যালেন বিকিরণ বলয় থাকে?

(i) ট্রপোস্ফিয়ার (ii) ম্যাগনেটোস্ফিয়ার

(iii) স্ট্রাটোস্ফিয়ার (iv) মেসোস্ফিয়ার

1.2 স্থির চাপে নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন V বনাম t^oc উষ্ণতার লেখচিত্রটি হল—

(i) মূলবিন্দুগামী সরলরেখা (ii) x-অক্ষের সমান্তরাল সরলরেখা

(iii) সরলরেখা মূলবিন্দুগামী নয় (iv) সমপরাবৃত্তাকার

1.3 f ফোকাস দৈর্ঘ্যের একটি অবতল দর্পণকে জলে ($\mu = 4/3$) নিমজ্জিত করা হলে দর্পণটির নতুন ফোকাস দৈর্ঘ্য হবে-

(i) 4/3f (ii) 3/4f

(iii) f (iv) 7/4f

1.4 মায়োপিয়া বা হ্রস্বদৃষ্টি ত্রুটি দূর করতে চশমায় ব্যবহার করা হয়—

(i) উত্তল লেন্স (ii) অবতল লেন্স

(iii) অবতল দর্পণ (iv) সমতল দর্পণ

1.5 তড়িৎ প্রবাহমাত্রা পরিমাপ করা হয় যে যন্ত্রের সাহায্যে সেটি হল—

(i) অ্যামমিটার (ii) ভোল্টমিটার

(iii) গ্যালভানোমিটার (iv) পোটেনশিওমিটার

1.6 কোন্ বক্তব্যটি সঠিক?

(i) তড়িৎ ধনাত্মক ধর্ম পর্যায় বরাবর হ্রাস পায়।

(ii) তড়িৎ ধনাত্মক ধর্ম পর্যায় বরাবর বৃদ্ধি পায়।

(iii) তড়িৎ ধনাত্মক ধর্ম পর্যায় বরাবর অপরিবর্তিত থাকে।

(iv) তড়িৎ ধনাত্মক ধর্ম পর্যায় বরাবর প্রথমে বৃদ্ধি পায় কিন্তু পরে হ্রাস পায়।

1.7 দুটি মৌলের মধ্যে কখন সমযোজী বন্ধন তৈরি হয়?

(i) যখন দুটি মৌলের তড়িৎ ঋণাত্মকতা পার্থক্য অনেক বেশি হয়।

(ii) যখন দুটি মৌলের তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য অনেক কম হয়।

(iii) যখন মৌল দুটির পারমাণবিক গুরুত্বের গড় মান কম হয়।

(iv) যখন মৌল দুটির গলনাঙ্কের মান বেশি হয়।

1.8 কোণটির ক্যাথোডে বিজারিত হওয়ার প্রবণতা সবচেয়ে বেশি—

(i) K^+ (ii) Cu^{2+}

(iii) Na^+ (iv) Ag^+

বিভাগ — খ

2. নির্দেশমতো উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : $1 \times 8 = 8$

2.1 শূন্যস্থান পূরণ করো : $1 \times 2 = 2$

2.1.1 DC অপেক্ষা AC-এর সুবিধা _____। **অথবা,** ফিউজ তার বৈদ্যুতিক মেন লাইনের লাইভ তারের সাথে _____ যুক্ত থাকে।

2.1.2 পানীয় জল শুদ্ধিকরণে _____ রশ্মি ব্যবহার করা হয়। **অথবা,** প্রতিসরণে _____ বর্ণের আলোকরশ্মির চ্যুতি সবচেয়ে বেশি হয়।

2.2 নীচের বাক্যগুলি সত্য অথবা মিথ্যা নিরূপণ করো : $1 \times 2 = 2$

2.2.1 একটি আদর্শ ভোল্টমিটারের রোধ অসীম হওয়া উচিত।

অথবা

তড়িৎ ক্ষমতার ব্যবহারিক একক ওয়াট।

2.2.2 ক্রমবর্ধমান তড়িৎ ঋণাত্মকতার ক্রমটি হল - $F < Cl < Br < I$

অথবা

তড়িৎযোজী যৌগের গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক উচ্চ।

2.3 একটি শব্দ বা একটি বাক্যে উত্তর দাও : $1 \times 2 = 2$

2.3.1 STP তে 1 লিটার আয়তনের কোনো গ্যাসের ভরকে কী বলে?

অথবা

127^oC এর মান কেলভিন স্কেলে কত?

2.3.2 সিনেমার পর্দায় উৎপন্ন প্রতিবিম্বটি কোন্ প্রকৃতির?

অথবা

শূন্য মাধ্যমে আলোর বেগ কত?

2.4 A - **স্তম্ভের সাথে** B - **স্তম্ভের সর্বাপেক্ষা সম্পর্কযুক্ত শব্দটি মিলিয়ে নতুন করে লেখো** $1 \times 2 = 2$

A - স্তম্ভ	**B - স্তম্ভ**
২.৪.১ হিটারে তাপসহ উপাদান হল	a) 3টি
২.৪.২ N_2 অণুর মধ্যে উপস্থিত ইলেকট্রন জোড় এর সংখ্যা	b) ফায়ার ক্লে
	c) ৪টি
	d) গ্রাফাইট

বিভাগ — গ

3. সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : $2 \times 9 = 18$

3.1 ওজোন স্তর ধ্বংসের ক্ষতিকারক প্রভাবগুলি লেখো। (দুটি)।

অথবা

সৌরকোশ প্যানেল কী? সৌরকোশের একটি ব্যবহার লেখো।

3.2 চালর্সের সূত্রটি বিবৃত করো **অথবা** একই চাপে 15°C এ নির্দিষ্ট পরিমাণ কোনো গ্যাসের আয়তন 360 ml। উষ্ণতা কত হলে ওই পরিমাণ কোনো গ্যাসের আয়তন 480 ml হবে?

3.3 22 গ্রাম CO_2 প্রস্তুত করতে কত গ্রাম $CaCO_3$ কে লঘু HCl এর সঙ্গে বিক্রিয়া করাতে হবে? (Ca=40, C=12, O = 16) **অথবা** STPতে 2.24 লিটার কার্বন ডাই অক্সাইডের ভর কত গ্রাম? (C=12, O=16)

3.4 পরম প্রতিসরাঙ্ক বলতে কী বোঝায়?

অথবা

প্রতিসরণের ক্ষেত্রে আলোকরশ্মির কৌণিক চ্যুতির সংজ্ঞা দাও।

3.5 লেন্সের আলোককেন্দ্র-এর সংজ্ঞা দাও।

অথবা

আলোকের বিচ্ছুরণ-এর সংজ্ঞা দাও।

3.6 ওহমের সূত্রটি বিবৃত করো।

অথবা

তড়িৎ প্রবাহমাত্রার ব্যবহারিক একক কী? ভোল্টমিটার কী কাজে ব্যবহার করা হয়?

3.7 একটি তড়িৎ কোশের তড়িচ্চালক বল E অভ্যন্তরীণ রোধ r। কোশটিকে একটি বাহ্যিক রোধের সঙ্গে যুক্ত করা হল। বাহ্যিক রোধে বিভব পার্থক্য কোশের তড়িচ্চালক বলের অর্ধেক হলে বাহ্যিক রোধের মান কত?

অথবা

ফ্লেমিং-এর বামহস্ত নিয়মটি লেখো।

3.8 মেন্ডেলিভের পর্যায় সূত্রটি বিবৃত করো।

অথবা

দুটি মুদ্রা ধাতুর নাম করো।

3.9 NH_3 এর লুইস ডট গঠন আঁকো।

অথবা

তড়িৎ লেপন-এর সংজ্ঞা দাও।

বিভাগ — ঘ

4. নির্দেশমতো উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষ্যণীয় : $3 \times 2 = 6$

4.1 রৈখিক বিবর্ধন-এর সংজ্ঞা দাও। কোনো বস্তুর প্রতিবিম্বের রৈখিক বিবর্ধন 1.5 এ কথার অর্থ কী?

অথবা,

অবতল লেন্সকে অপসারী লেন্স বলা হয় কেন? দৃশ্যমান আলোর তরঙ্গদৈর্ঘ্যের পাল্লা কত?

4.2 তড়িৎ ঋণাত্মকতা কাকে বলে? একটি ইউরেনিয়ামোত্তর মৌলের উদাহরণ দাও। 2+1

Sub – Physical Science and Environment

Time : 2 Hours 15 Minutes **F.M. - 40**

বিভাগ — ক

1. বহু বিকল্পভিত্তিক (MCQ) প্রশ্নের প্রতিটি উত্তর দিতে হবে । $1 \times 8 = 8$
সঠিক উত্তরটি নির্বাচন করে তোমার উত্তরপত্রে লেখো :

1.1 নীচের কোন্‌টি জীবাশ্ম জ্বালানি নয়?

(i) কয়লা (ii) পেট্রোলিয়াম

(iii) প্রাকৃতিক গ্যাস (iv) গোবর গ্যাস

1.2 STP তে 0.5 মোল O_2 এর আয়তন —

(i) 22.4 লিটার (ii) 0.5 লিটার

(iii) 11.2 লিটার (iv) 112 লিটার

1.3 পরম প্রতিসরাঙ্কের মান সবচেয়ে বেশি —

(i) হিরে (ii) জল

(iii) বেনজিন (iv) গ্লিসারিন

1.4 তড়িৎ ক্ষমতার ব্যবহারিক একক —

(i) ওয়াট (ii) জুল

(iii) ওয়াট-ঘণ্টা (iv) মেগাওয়াট

1.5 ফ্লেমিং এর বাম হস্ত নিয়মকে বলা হয় —

(i) ডায়নামো নিয়ম (ii) মোটর নিয়ম

(iii) আবেশ নিয়ম (iv) ভ্রান্ত নিয়ম

1.6 নীচের মৌলগুলির মধ্যে কোন্‌টি সন্ধিগত মৌল নয় —

(i) Fe (ii) Co

(iii) Ca (iv) Cr

1.7 জলীয় দ্রবণে একটি মৃদু তড়িৎ বিশ্লেষ্য হল —

(i) H_2SO_4 (ii) NaCl

(iii) CH_3COOH (iv) NaOH

1.8 আয়নীয় বন্ধন গঠিত হয় —

(i) দুটি ভিন্ন ধাতব মৌলের পরমাণুর মধ্যে

(ii) দুটি একই মৌলের পরমাণুর মধ্যে

(iii) দুটি ভিন্ন অধাতব মৌলের পরমাণুর মধ্যে

(iv) একটি ধাতব ও একটি অধাতব মৌলের পরমাণুর মধ্যে

বিভাগ — খ

2. নির্দেশমতো উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : $1 \times 8 = 8$

2.1 শূন্যস্থান পূরণ করো : $1 \times 2 = 2$

2.1.1 CFL-এর তুলনায় LED বাল্বে _____ তড়িৎ খরচ হয়।

অথবা

বাড়ির বৈদ্যুতিক বর্তনীতে মেইন ফিউজটি যুক্ত করা হয় _____ লাইনে।

2.1.2 সাদা আলোর বিশুদ্ধ বর্ণালীর দুটি প্রান্তিক বর্ণ _____ ও _____।

অথবা মোটর গাড়ির চালকের সামনে যে দর্পণটি ব্যবহৃত হয় তা হল _____।

2.2 নীচের বাক্যগুলি সত্য অথবা মিথ্যা নিরূপণ করো : $1 \times 2 = 2$

2.2.1 গ্লুকোজ এর জলীয় দ্রবণ তড়িৎ পরিবহন করতে পারে না।

অথবা

তড়িৎ গ্রস্ত পরমাণু বা পরমাণুপুঞ্জকে আয়ন বলে।

2.2.2 STP তে এক মোল যে কোন গ্যাসের আয়তন 22.4 লিটার।

অথবা

রৈখিক বিবর্ধন একটি একক বিহীন রাশি।

2.3 A স্তম্ভের সাথে B স্তম্ভের সর্বাপেক্ষা সম্পর্কযুক্ত শব্দটি মিলিয়ে নতুন করে লেখো : $1 \times 2 = 2$

	A স্তম্ভ		**B স্তম্ভ**
2.3.1	রোধাঙ্কের সিজিএস একক	i)	অবতল লেন্স
2.3.2	চোখের দীর্ঘদৃষ্টি জনিত ত্রুটির জন্য ব্যবহৃত হয়।	ii)	মোল
		iii)	ওহম-সেমি
		iv)	উত্তল লেন্স

2.4 একটি শব্দে বা একটি বাক্যে উত্তর দাও : $1 \times 2 = 2$

2.4.1 মোটরের শক্তি বৃদ্ধির একটি উপায় লেখো।

অথবা

আন্তর্জাতিক নিয়ম অনুসারে নিউট্রাল তারের বর্ণ কী?

2.4.2 পর্যায় সারণির সর্বাপেক্ষা তড়িৎ ঋণাত্মক মৌল কোন্‌টি?

অথবা

গোল্ড প্লেটিং এর জন্য ব্যবহৃত তড়িৎ বিশ্লেষ্যটির নাম কী?

বিভাগ — গ

3. সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : $2 \times 9 = 18$

3.1 CBM কী? বায়ো ফুয়েল-এর একটি ব্যবহার লেখো।

অথবা

পরিবেশ বান্ধব একটি শক্তি উৎসের নাম লেখো। CFC-এর উৎস কী?

3.2 পরম শূন্য উষ্ণতা বলতে কী বোঝায়?

অথবা

অ্যাভোগাড্রো সূত্রটি বিবৃত করো।

3.3 130.8 গ্রাম দস্তা লঘু সালফিউরিক অ্যাসিডের সঙ্গে সম্পূর্ণরূপে বিক্রিয়া করলে উৎপন্ন হাইড্রোজেনের আয়তন STP-তে কত হবে? (দেওয়া আছে - Zn = 30, S = 32, O = 16)

অথবা

12.26 গ্রাম পটাশিয়াম ক্লোরেট বিয়োজিত হয়ে STP তে কত আয়তনের অক্সিজেন গ্যাস উৎপন্ন করবে? (K = 39, Cl = 35.5, O =16)

3.4 বিবর্ধক কাচ হিসেবে উত্তল লেন্সকে কীভাবে ব্যবহার করবে?

অথবা

জবা ফুল লাল দেখায় কেন?

3.5 তড়িৎচালক বল ও বিভব-প্রভেদ এর মধ্যে দুটি পার্থক্য নিরূপণ করো।

অথবা

দুটি তার কুণ্ডলীর রোধ 3 ওহম এবং 6 ওহম। এদেরকে i) শ্রেণি সমবায় এবং ii) সমান্তরাল সমবায়ে যুক্ত করলে প্রতিক্ষেত্রে তুল্য রোধ কত হবে?

3.6 আধুনিক পর্যায় সারণিতে নিষ্ক্রিয় মৌলগুলি কোন্ শ্রেণিতে অবস্থিত? একটি ক্ষারীয় মৃত্তিকা ধাতুর নাম লেখো।

অথবা

মৌলের তড়িৎ ঋণাত্মকতা ধর্ম পর্যায় এবং শ্রেণি বরাবর কীভাবে পরিবর্তিত হয়?

3.7 তড়িৎযোজী বন্ধন বা আয়নীয় বন্ধন কী? উদাহরণ দাও।

অথবা

লুইস ডট চিত্রের সাহায্যে NH_3 অণুর গঠন দেখাও।

3.8 তড়িৎ বিশ্লেষণ-এর সংজ্ঞা দাও।

অথবা

ধাতু নিষ্কাশন বলতে কী বোঝায়?

3.9 তড়িৎ লেপন কী?

অথবা

ইলেকট্রোপ্লেটিং এর নীতি কী?

বিভাগ — ঘ

4. নির্দেশমতো উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : $3 \times 2 = 6$

4.1 দিনের বেলায় আকাশকে নীল দেখায় কেন?

অথবা

লম্ব আপতন কী? ঘন মাধ্যম থেকে লঘু মাধ্যমে আলোকরশ্মির প্রতিসরণের ক্ষেত্রে আপতন কোণ ও প্রতিসরণ কোণের সম্পর্কটি কী?

4.2 আধুনিক পর্যায় সূত্রটি লেখো। একটি বর ধাতুর নাম লেখো।

অথবা

মৌলের জারণ ধর্ম পর্যায় বরাবর কীভাবে পরিবর্তিত হয়? একটি ক্ষার ধাতুর নাম করো।

Subject : Physical Sciences and Environment

Time : 2 Hours 15 Minutes **F.M. - 40**

বিভাগ — ক

1. বহু বিকল্পভিত্তিক (M.C.Q.)-এর প্রতিটি উত্তর দিতে হবে। সঠিক উত্তরটি নির্বাচন করে তোমার উত্তরপত্রে লেখো : $1 \times 8 = 8$

1.1 বায়ুমণ্ডলের উপাদানে শতকরা হিসাবে যেটি সবচেয়ে বেশি থাকে—

(i) অক্সিজেন (ii) হাইড্রোজেন

(iii) নাইট্রোজেন (iv) জলীয় বাষ্প

1.2 চার্লসের সূত্রের ধ্রুবক রাশিগুলি হল—

(i) ভর ও চাপ (ii) উষ্ণতা ও চাপ

(iii) আয়তন ও চাপ (iv) উষ্ণতা ও ভর

1.3 কোনো গোলীয় দর্পণের প্রতিফলক তলের মধ্যবিন্দুকে বলে—

(i) বক্রতাকেন্দ্র (ii) ফোকাস

(iii) মেরু (iv) আলোককেন্দ্র

1.4 রোধের একক হল—

(i) অ্যাম্পিয়ার (ii) ভোল্ট

(iii) কুলম্ব (iv) ওহম্

1.5 একটি সন্ধিগত মৌল হল—

(i) সোডিয়াম (ii) অ্যালুমিনিয়াম

(iii) ম্যাগনেসিয়াম (iv) ম্যাঙ্গানিজ

1.6 তীব্র তড়িৎ ঋণাত্মক মৌলটি হল—

(i) হাইড্রোজেন (ii) অক্সিজেন

(iii) নাইট্রোজেন (iv) ফ্লোরিন

1.7 তড়িৎযোজী যৌগটি হল—

(i) সোডিয়াম ক্লোরাইড (ii) হাইড্রোজেন ক্লোরাইড

(iii) জল (iv) অ্যামোনিয়া

1.8 তড়িৎবিশ্লেষ্য যৌগ হল—

(i) চিনি (ii) খাদ্য লবণ

(iii) গ্লুকোজ (iv) কেরোসিন

বিভাগ — খ

2. নির্দেশমতো উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : $1 \times 8 = 8$

2.1 শূন্যস্থান পূরণ করো : 1×2

2.1.1 বায়ুমণ্ডলের সবচেয়ে নীচের স্তরটি হল _____।

অথবা,

অতিবেগুনি রশ্মি শোষণ করে বায়ুমণ্ডলের যে স্তরটি সেটি হল _____।

2.1.2 জলের স্ফুটনাঙ্ক কেলভিন স্কেলে _____ K.

2.2 নীচের বাক্যগুলি সত্য অথবা মিথ্যা নিরূপণ করো : $1 \times 2 = 2$

2.2.1 তাপমাত্রা হ্রাসে গ্যাসের চাপ হ্রাস হয়।

অথবা

স্থির চাপে নির্দিষ্ট ভরের কোনো গ্যাসের আয়তন পরম উষ্ণতার সঙ্গে সমানুপাতিক।

2.2.2 জলের তড়িৎ বিশ্লেষণে ক্যাথোডে অক্সিজেন উৎপন্ন হয়।

অথবা

তড়িৎ লেপন একটি জারণ বিজারণ প্রক্রিয়া নয়।

2.3 একটি শব্দ বা একটি বাক্যে উত্তর দাও : $1 \times 2 = 2$

2.3.1 তড়িৎ আধানের SI একক কী?

অথবা

বিভব প্রভেদের SI একক কী?

2.3.2 একটি ক্ষার ধাতুর নাম লেখো।

অথবা

সবচেয়ে হালকা মৌল কোনটি?

2.4 A - **স্তম্ভের সাথে** B - **স্তম্ভের সর্বাপেক্ষা সম্পর্কযুক্ত শব্দটি মিলিয়ে নতুন করে লেখো :** $1 \times 2 = 2$

	A - স্তম্ভ	**B - স্তম্ভ**
2.4.1	তড়িৎযোজী যৌগ	a) Hg
2.4.2	হ্যালোজেন মৌল	b) চুন
		b) Cl

বিভাগ — গ

3. সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : $2 \times 9 = 18$

3.1 পৃথিবীপৃষ্ঠের উষ্ণতা বৃদ্ধির দুটি কারণ লেখো।

অথবা

পৃথিবীপৃষ্ঠের উষ্ণতা হ্রাসের জন্য দুটি উপায় লেখো।

3.2 গ্যাস সম্পর্কিত চার্লসের সূত্রটি উল্লেখ করো।

3.3 প্রতিসরাঙ্ক কাকে বলে?

অথবা

প্রতিসরণের সূত্র দুটি লেখো।

3.4 কুলম্বের সূত্রটি লেখো।

3.5 তড়িচ্চালক বল ও বিভব প্রভেদের দুটি পার্থক্য লেখো।

অথবা

তড়িৎ প্রবাহমাত্রার সংজ্ঞা ও একক লেখো।

3.6 হাইড্রোজেনের সঙ্গে ক্ষার ধাতুর ধর্মের মিল-এর দুটি কারণ লেখো।

অথবা

তড়িৎ ঋণাত্মকতা কাকে বলে?

3.7 সমযোজ্যতার সংজ্ঞা লেখো।

3.8 তড়িৎ বিশ্লেষ্য পদার্থ কাকে বলে?

অথবা

তীব্র তড়িৎ বিশ্লেষ্য পদার্থের সংজ্ঞা লেখো।

3.9 তড়িৎ বিশ্লেষণের সাহায্যে কপার ধাতুর বিশুদ্ধিকরণে ক্যাথোড, অ্যানোড ও তড়িৎ বিশ্লেষ্য পদার্থের নাম উল্লেখ করো।

বিভাগ — ঘ

4. **নির্দেশমতো উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) :** $3 \times 2 = 6$

4.1 ফ্লেমিং-এর বামহস্ত নিয়মটি লেখো ও চিত্রের সাহায্য তড়িৎ বর্তনীটি দেখাও। $2 + 1 = 3$

অথবা

লাইভ তার, নিউট্রাল তার ও আর্থ-তার-এর কার্য লেখো। $1 + 1 + 1 = 3$

4.2 মেন্ডেলিভের পর্যায় সারণির দুটি ত্রুটি লেখো। $2+1 = 3$

অথবা

পর্যায় বরাবর জারণ ক্ষমতা ও তড়িৎ ঋণাত্মকতার কীরূপ পরিবর্তন হয় লেখো। $1 + 2 = 3$

Subject : Physical Sciences and Environment

Time : 2 Hours 15 Minutes **F.M. - 40**

বিভাগ — ক

1. বহু বিকল্পভিত্তিক (MCQ) প্রতিটি প্রশ্নের উত্তর দিতে হবে : $1 \times 8 = 8$

সঠিক উত্তরটি নির্বাচন করে তোমার উত্তরপত্রে লেখো :

1.1 ওজোন স্তর ধ্বংসকারী একটি গ্যাস হল —

(i) হাইড্রোজেন (ii) অক্সিজেন

(iii) নাইট্রোজেন (iv) ক্লোরোফ্লুরো কার্বন

1.2 গেলুসাকের গ্যাস সংক্রান্ত চাপের সূত্রে ধ্রুবক রাশিগুলি হল —

(i) ভর ও আয়তন (ii) ভর ও চাপ

(iii) উষ্ণতা ও চাপ (iv) উষ্ণতা ও আয়তন

1.3 বিস্তৃত বস্তুর দর্পণের কাছে থেকে প্রতিবিম্ব ক্ষুদ্রাকৃতি করে তবে দর্পণটি হবে—

(i) সমতল (ii) উত্তল

(iii) অবতল (iv) কোনোটাই নয়

1.4 তড়িৎ প্রবাহমাত্রার SI একক হল—

(i) কুলম্ব (ii) ভোল্ট

(iii) অ্যাম্পিয়ার (iv) ওহম

1.5 পর্যায় সারণির প্রথম পর্যায়ের দ্বিতীয় মৌলটি হল —

(i) হাইড্রোজেন (ii) লিথিয়াম

(iii) বেরিলিয়াম (iv) হিলিয়াম

1.6 হ্যালোজেন মৌলগুলি আধুনিক পর্যায় সারণির কোন্ শ্রেণিতে আছে?

(i) 12 তম (ii) 15 তম

(iii) 16 তম (iv) 17 তম

1.7 একটি সমযোজী যৌগ —

(i) খাদ্যলবণ (ii) চিনি

(iii) চুন (iv) ফটকিরি

1.8 তড়িৎ অবিশ্লেষ্য যৌগটি হল —

(i) সোডিয়াম ক্লোরাইড (ii) ক্লোরোফর্ম

(iii) ক্যালসিয়াম ক্লোরাইড (iv) সোডিয়াম নাইট্রেট

বিভাগ — খ

2. নির্দেশমতো উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : $1 \times 8 = 8$

2.1 শূন্যস্থান পূরণ করো : $1 \times 2 = 2$

2.1.1 বায়ুমণ্ডলের _____ স্তরের মধ্যে দিয়ে জেট প্লেন যায় ।

অথবা,

ওজোন গ্যাসের সংকেত _____।

2.1.2 গ্যাসের প্রমাণ চাপ _____ পারদ স্তম্ভের চাপ।

অথবা

পরম শূন্য উষ্ণতায় মান _____ K।

2.2 নীচের বাক্যগুলি সত্য অথবা মিথ্যা নিরূপণ করো : $1 \times 2 = 2$

2.2.1 একই তাপমাত্রা ও চাপে সম আয়তন সকল গ্যাসে অনুর সংখ্যা সমান।

অথবা

শুষ্ক বায়ু অপেক্ষা আদ্রবায়ু হালকা।

2.2.2 বিশুদ্ধ জল তড়িৎ-এর সুপরিবাহী

অথবা

জলের তড়িৎ বিশ্লেষণে অ্যানোডে হাইড্রোজেন উৎপন্ন হয়।

2.3 একটি শব্দে বা বাক্যে উত্তর দাও : $1 \times 2 = 2$

2.3.1 উষ্ণতা বৃদ্ধিতে সিলিকনের রোধাঙ্কের কীরূপ পরিবর্তন হয়?

অথবা

রোধের সঙ্গে পরিবাহীতে উৎপন্ন তাপের সম্পর্ক কীরূপ?

2.3.2 মৌলের রাসায়নিক ধর্ম পরমাণুর কীসের উপর নির্ভর করে?

অথবা

আধুনিক পর্যায় সারণির দ্বিতীয় পর্যায়ের প্রথম মৌলটি কী?

2.4 **A স্তম্ভের সাথে B স্তম্ভের সর্বাপেক্ষা সম্পর্কযুক্ত শব্দটি মিলিয়ে নতুন করে লেখো :** $1 \times 2 = 2$

	A স্তম্ভ	**B স্তম্ভ**
2.4.1	তীব্র তড়িৎ ঋণাত্বক মৌল	i) Cs
2.4.2	তীব্র তড়িৎ ধনাত্মক মৌল	ii) F
		iii) Cu

বিভাগ — গ

3. সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : $2 \times 9 = 18$

3.1 সৌর শক্তির দুটি ব্যবহার লেখো।

অথবা,

অপ্রচলিত দুটি শক্তি উৎসের নাম লেখো।

3.2 গ্যাস সম্পর্কিত বয়েলের সূত্রটি উল্লেখ করো।

3.3 লেন্সের আলোককেন্দ্র কাকে বলে?

অথবা

লেন্সের মুখ্য ফোকাস কাকে বলে?

3.4 বিভব পার্থক্য কাকে বলে?

3.5 ওহমের সূত্রটি উল্লেখ করো।

অথবা

ফিউজ তার কী?

3.6 পর্যায় সারণিতে পর্যায় ও শ্রেণি বরাবর মৌলের জারণ ক্ষমতার কীরূপ পরিবর্তন হয়?

অথবা

আয়নীভবন বিভবের সংজ্ঞা লেখো।

3.7 সমযোজী যৌগের দুটি বৈশিষ্ট্য লেখো।

3.8 তড়িৎদ্বার কাকে বলে?

অথবা

মৃদু তড়িৎ বিশ্লেষ্যের সংজ্ঞা লেখো।

3.9 তড়িৎ লেপনের দুটি উদ্দেশ্য লেখো।

বিভাগ — ঘ

4. নির্দেশমতো উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : **$3 \times 2 = 6$**

4.1 অ্যাম্পিয়ারের সন্তরণ নিয়মটি উল্লেখ করো। 3

অথবা

তড়িৎ প্রবাহের ফলে উৎপন্ন তাপ সংক্রান্ত জুলের সূত্রগুলি লেখো। 3

4.2 ক্ষারীয় মৃত্তিকা ধাতু কাদের বলা হয়? একটি উদাহরণ দাও। 2+1

অথবা

পর্যায় ও শ্রেণি বরাবর পর্যায় সারণীতে তড়িৎ ঋণাত্মকতার কীরূপ পরিবর্তন হয়? 2+1

SAMPLE QUESTIONS

Subject : Life Science and Environment

Time : 2 Hours 15 Minutes **F.M. - 40**

বিভাগ - ক

1 . **সঠিক উত্তরটি বেছে নিয়ে বাক্যটি সম্পূর্ণ করে লেখো :** $1 \times 8 = 8$

1.1 অন্তঃক্ষরা গ্রন্থটি নয়

(i) পিটুইটারি (ii) লালা গ্রন্থি

(iii) থাইরয়েড (iv) অ্যাড্রিনাল

1.2 মৃদু আলোয় দেখতে সাহায্য করে চোখের

(i) কোন্‌কোশ (ii) রডকোশ

(iii) লেন্স (iv) স্ক্লেরা

1.3 DNA-এর নাইট্রোজেন বেস নয়

(i) অ্যাডেনিন (ii) ইউরাসিল

(iii) সাইটোসিন (iv) গুয়ানিন

1.4 অনিয়ন্ত্রিত কোশ বিভাজনের ফলে ক্যানসার সৃষ্টিকারী কোশকে বলে

(i) ম্যালিগন্যান্ট কোশ (ii) জনন কোশ

(iii) গ্যামেট (iv) উদ্ভিদ কোশ

1.5 একটি গন্ডার প্রকল্প হল

(i) কাজিরাঙ্গা (ii) সুন্দরবন

(iii) গির (iv) করবেট

1.6 সারা পৃথিবীতে হটস্পটের সংখ্যা

(i) ৪টি (ii) ৩৪টি

(iii) ৪৬টি (iv) ২৩টি

1.7 কৃত্রিম অঙ্গজ বংশ বিস্তার নয়

(i) শাখাকলম (ii) জোড় কলম

(iii) খণ্ডীভবন (iv) অনুবিস্তার

1.8 রক্তে শর্করার পরিমাণ বাড়ায়

(i) ইনসুলিন (ii) টেস্টোস্টেরন

(iii) থাইরক্সিন (iv) গ্লুকাগন

বিভাগ - খ

2. **একটি বাক্যে উত্তর দাও (যে-কোনো আটটি) :** $1 \times 8 = 8$

2.1 ইউগ্লিনার গমন অঙ্গ _____।

2.2 মানুষের শরীরে করোটীয় স্নায়ুর সংখ্যা _____।

2.3 জনন কোশে ক্রোমোজোম সংখ্যা ডিপ্লয়েড। (হ্যাঁ / না)

2.4 খৈনি বা তামাক চিবোলে ক্যানসার হয়। (হ্যাঁ / না)

2.5 অযৌন জননকারী একটি শৈবাল-এর নাম কী?

2.6 নিষেকের পর ডিম্বাশয় কীসে পরিণত হয়?

2.7 বিদেশ থেকে আগত একটি বহিরাগত উদ্ভিদের নাম লেখো।

2.8 জগদীশ চন্দ্র বসু কর্তৃক আবিষ্কৃত সংবেদনশীলতা নির্ণায়কযন্ত্রের নাম কী?

2.9 ক্রায়োসংরক্ষণে কোনো বস্তুকে কত ডিগ্রি তাপমাত্রায় সংরক্ষণ করা হয়?

2.10 একটি ডিনাইট্রিফাইং ব্যাকটিরিয়ার নাম লেখো।

2.11 **সম্পর্ক অনুযায়ী 'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভের বাক্যাংশ মিলিয়ে দুটি সম্পূর্ণ ব্যক্য তৈরি করো (যে-কোনো দুটি):** $1 \times 2 = 2$

'ক'	'খ'
(i) রেণু উৎপাদন হতে প্রয়োজন	a. যৌন জনন।
(ii) সাইটোপ্লাজম বিভাজন	b. ডেমোগ্রাফি।
(iii) মানবজনসংখ্যা সংক্রান্ত অধ্যয়ন	c. ক্যারিওকাইনেসিস।
	d. সাইটোকাইনেসিস।
	e. অযৌন জনন।

বিভাগ - গ

3. **যে-কোনো সাতটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :** $2 \times 7 = 14$

3.1 মায়োপিয়া কাকে বলে? এর সংশোধনী ব্যবস্থা লেখো।

3.2 সাইনোভিয়াল ফ্লুইড-এর অবস্থান ও কাজ লেখো।

3.3 মিয়োসিসকে হ্রাস বিভাজন বলে কেন?

3.4 স্বপরাগযোগ ও ইতর পরাগযোগ-এর দুটি পার্থক্য লেখো।

3.5 জয়েন্ট ফরেস্ট ম্যানেজমেন্ট কাকে বলে?

3.6 রেড পান্ডার বিজ্ঞানসম্মত নাম কী? পশ্চিমবঙ্গের কোথায় রেড পান্ডা সংরক্ষণ কেন্দ্র অবস্থিত?

3.7 বিশ্ব উষ্ণায়ন কী? বিশ্ব উষ্ণায়নের জন্য দায়ী একটি গ্যাসের নাম লেখো।

3.8 কোশচক্রের গুরুত্ব লেখো।

3.9 ট্রপিক ও ন্যাস্টিক চলনের দুটি পার্থক্য লেখো।

3.10 কোন গ্রন্থিকে প্রভুগ্রন্থি বলে? কেন বলে?

3.11 দুটি পুনরুজ্জীবনযোগ্য এবং দুটি অপুনরুজ্জীবনযোগ্য সম্পদের নাম লেখো।

3.12 জনুক্রম কাকে বলে?

বিভাগ - ঘ

4. **যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** $5 \times 2 = 10$

4.1 ডায়াবেটিস মেলিটাস ও ডায়াবেটিস ইনসিপিটাস-এর পার্থক্য লেখো। অক্সিন হরমোন-এর কাজ লেখো। 2+3=5

4.2 বায়োস্ফিয়ার রিজার্ভ কাকে বলে? সুন্দরবনের পরিবেশগত সমস্যাগুলি লেখো। 2+3=5

অথবা

দূষণ কাকে বলে? জল দূষণের দুটি কারণ ও একটি ফলাফল লেখো। 2+3=5

4.3 একটি আদর্শ ফুলের পরিচ্ছন্ন চিত্র অঙ্কন করে যে-কোনো চারটি অংশ চিহ্নিত করো। 3+2=5

4.4 একটি সরল প্রতিবর্ত পথের পরিচ্ছন্ন চিত্র অঙ্কন করে যে-কোনো চারটি অংশ চিহ্নিত করো। 3+2=5

দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য বিকল্প প্রশ্ন

4.3 গমন কাকে বলে? মানুষের দ্বিপদ গমন পদ্ধতি ব্যাখ্যা করো । 2+3=5

4.4 ক্রোমোজোম-এর গঠন ও কাজ সংক্ষেপে লেখো। 3+2=5

Subject : Life Science and Environment

Time : 2 Hours 15 Minutes **F.M. - 90**

বিভাগ — ক

1. **সঠিক উত্তরটি বেছে নিয়ে বাক্যটি সম্পূর্ণ করে লেখো :** $1 \times 8 = 8$

1.1 কেমোন্যাস্টিক চলনের উদ্দীপক হল

(i) উষ্ণতা (ii) আলো

(iii) স্পর্শ ও আলো (iv) রাসায়নিক পদার্থ

1.2 হরমোন এক প্রকার

(i) ভৌত সমন্বয়ক (ii) রাসায়নিক সমন্বয়ক

(iii) ভিটামিন (iv) উৎসেচক

1.3 ব্যাকটেরিয়ার কোশ বিভাজন পদ্ধতি হল

(i) মাইটোসিস (ii) মিয়োসিস

(iii) অ্যামাইটোসিস (iv) কোনোটিই নয়

1.4 নিম্নলিখিত কোন্ হরমোনটির প্রধান উপাদান আয়োডিন?

(i) অ্যাড্রিনালিন (ii) থাইরক্সিন

(iii) ইনসুলিন (iv) TSH

1.5 ইউরাসিল ক্ষারক পাওয়া যায় —

(i) DNA-তে (ii) RNA-তে

(iii) প্রোটিনে (iv) লিপিডে

1.6 অনিষিক্ত ডিম্বাণু থেকে সরাসরি অপত্য সৃষ্টির পদ্ধতিকে বলে

(i) পার্থেনোজেনেসিস (ii) পার্থেনোকার্পি

(iii) পিডোজেনেসিস (iv) উজেনেসিস

1.7 জীবাণু দ্বারা নাইট্রোজেন ঘটিত যৌগ থেকে অ্যামোনিয়া উৎপন্ন হওয়াকে বলে

(i) নাইট্রিফিকেশন (ii) অ্যামোনিফিকেশন

(iii) ডিনাইট্রিফিকেশন (iv) কোনোটিই নয়

1.8 পূর্ব-হিমালয় জীববৈচিত্র্য হটস্পটের একটি বিপন্ন প্রজাতি হল

(i) লায়ন টেইলড ম্যাকাক (ii) ওরাংওটান

(iii) রেড পান্ডা (iv) নীলগিরি থর

বিভাগ - খ

2. একটি বাক্যে উত্তর দাও (যে-কোনো আটটি) : $1 \times 8 = 8$

2.1 অশ্রুতে জীবাণু ধ্বংসকারী উৎসেচকটি হল _____।

2.2 দুটি _____ ক্রোমাটিডের মধ্যে দেহাংশের বিনিময়কে ক্রসিং ওভার বলে।

2.3 ভারতের প্রথম জাতীয় উদ্যান হল কানহা জাতীয় উদ্যান । (হ্যাঁ / না)

2.4 মাছের গমনে সাহায্যকারী পেশি হল মায়োটম পেশি। (হ্যাঁ / না)

2.5 ক্যানসার সৃষ্টিকারী কীটনাশকের নাম লেখো।

2.6 পক্ষীপরাগী একটি ফুলের নাম লেখো।

2.7 WWF-এর সম্পূর্ণ নাম কী?

2.8 মানুষের গমনে পায়ের গোড়ালিকে তুলতে কোন্ পেশি সাহায্য করে?

2.9 নারকেলের তরল শস্যে কোন হরমোন পাওয়া যায়?

2.10 একটি উদ্ভিদ কোশের ক্রোমোজোম সংখ্যা 14 হলে মাইটোসিস কোশ বিভাজনের পর অপত্য কোশের ক্রোমোজোম সংখ্যা কত হবে?

2.11 **সম্পর্ক অনুযায়ী 'ক' স্তম্ভের সাঙ্গে 'খ' স্তম্ভের বাক্যাংশ মিলিয়ে দুটি সম্পূর্ণ ব্যক্য তৈরি করো (যে-কোনো দুটি):** $1 \times 2 = 2$

'ক'	'খ'
i) পশ্চিমবঙ্গে অবস্থিত একটি বায়োস্ফিয়ার রিজার্ভ	a. 20.60 %
ii) বুলবিলের সাহায্যে বংশবিস্তারকারী উদ্ভিদ	b. 77.17 %
iii) বায়ুতে নাইট্রোজেনের স্বাভাবিক পরিমাণ	c. সুন্দরবন
	d. চুপড়ি আলু
	e. কচুরিপানা

বিভাগ - গ

3. যে-কোনো সাতটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : $2 \times 7 = 14$

3.1 নাইট্রোজেন চক্রের দুটি তাৎপর্য লেখো।

3.2 শব্দদূষণের দুটি কারণ উল্লেখ করো।

3.3 বহিরাগত প্রজাতি বলিতে কী বোঝো? একটি উদাহরণ দাও।

3.4 দুটি গোনাডোট্রপিক হরমোনের নাম লেখো।

3.5 নিউরোট্রান্সমিটার কী। উদাহরণ দাও।

3.6 রড কোশ ও কোন্ কোশ এর দুটি পার্থক্য লেখো।

3.7 ক্রসিং ওভার-এর দুটি গুরুত্ব লেখো।

3.8 দ্বি-নিষেক এর সংজ্ঞা দাও।

3.9 যৌন জনন ও অযৌন জনন-এর দুটি পার্থক্য লেখো।

3.10 সাইনোভিয়াল তরল কোথায় থাকে এবং উহার কাজ কী?

3.11 অটোজোম ও অ্যালোজোম এর দুটি পার্থক্য লেখো।

বিভাগ - ঘ

4. **যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** $5 \times 2 = 10$

4.1 পরিবেশ বলতে কী বোঝো? ক্রমবর্ধমান জনসংখ্যার ফলে পরিবেশের কী কী সমস্যা দেখা যায় তার ব্যাখা করো।

4.2 জাতীয় উদ্যান ও অভয়ারণ্যের তিনটি পার্থক্য লেখো। জীববৈচিত্র সংরক্ষণে PBR-এর দুটি ভূমিকা লেখো। 3+2=5

অথবা

অম্লবৃষ্টি কী? পরিবেশের উপর অম্লবৃষ্টির ক্ষতিকারক প্রভাবগুলি লেখো। 2+3= 5

4.3 সপুষ্পক উদ্ভিদের নিষেক প্রক্রিয়ার চিত্র অঙ্কন করে যে-কোনো চারটি অংশ চিহ্নিত করো। 3+2=5

4.4 একটি সরল প্রতিবর্ত চাপ-এর চিত্র অঙ্কন করে যে-কোনো চারটি অংশ চিহ্নিত করো। 3+2=5

দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য বিকল্প প্রশ্ন

4.3 সপুষ্পক উদ্ভিদের নিষেক প্রক্রিয়া ও নতুন উদ্ভিদ গঠন সম্পর্কে সংক্ষেপে লেখো। 2+3= 5

4.4 প্রতিবর্ত চাপ বলতে কী বোঝো? একটি সরল প্রতিবর্ত চাপ-এর বিভিন্ন অংশগুলির নাম লেখো। 2+3= 5

Subject : Life Science and Environment

Time : 2 Hours 15 Minutes **F.M. - 40**

বিভাগ — ক

1. **সঠিক উত্তরটি বেছে নিয়ে বাক্যটি সম্পূর্ণ করে লেখো :** $1 \times 8 = 8$

1.1 উদ্দীপকের প্রভাবে উদ্ভিদের সামগ্রিক স্থান পরিবর্তনকে বলে —

(i) ট্রপিক চলন (ii) ন্যাস্টিক চলন

(iii) ট্যাকটিক চলন (iv) কোনোটিই নয়

1.2 বীজের সুপ্তদশা ভঙ্গ করে অঙ্কুরোদ্গম ঘটায় —

(i) অক্সিন (ii) জিব্বেরেলিন

(iii) সাইটোকাইনিন (iv) ইথিলিন

1.3 নিম্নলিখিত কোন্ গ্রন্থিকে প্রভুগ্রন্থি বলা হয়?

(i) থাইরয়েড গ্রন্থি (ii) পিটুইটারি গ্রন্থি

(iii) অগ্ন্যাশয় গ্রন্থি (iv) শুক্রাশয় গ্রন্থি

1.4 উদ্ভিদ কোশে বেমতন্তু গঠিত হয় —

(i) নিউক্লিওরস (ii) মাইক্রোবডি

(iii) মাইক্রোটিবিউল (iv) মাইক্রোফিলামেন্ট

1.5 সমপ্রকৃতির দুটি জনন কোশের মিলন পদ্ধতিকে বলে —

(i) আইসোগ্যামি (ii) উগ্যামি

(iii) অ্যানাইসোগ্যামি (iv) সিনগ্যামি

1.6 নিম্নলিখিত কোন্‌টি গ্রিনহাউস গ্যাস?

(i) SO_2 (ii) N_2O

(iii) $CHCL_2$ (iv) SPM

1.7 একটি কোশ চারবার মাইটোসিস পদ্ধতিতে বিভাজিত হলে কটি কোশ উৎপন্ন হবে?

(i) ৮ (ii) ১২

(iii) ১৬ (iv) ২৪

1.8 সমগ্র পৃথিবীতে মোট কটি মেগাডাইভারসিটি দেশ আছে?

(i) ১০টি (ii) ১২টি

(iii) ১১টি (iv) ১৭টি

বিভাগ - খ

2. **একটি বাক্যে উত্তর দাও (যে-কোনো আটটি) :** $1 \times 8 = 8$

2.1 মানুষের চোখের লেন্সের ফোকাস দৈর্ঘ্য প্রয়োজনমতো পরিমার্জন করার পদ্ধতিকে _____ বলে।

2.2 নিষিক্ত নির্ণীত নিউক্লিয়াস থেকে _____ উৎপন্ন হয়।

2.3 বোটানিক্যাল গার্ডেন একপ্রকার ইনসিটু সংরক্ষণকেন্দ্র। (হ্যাঁ / না)

2.4 ফ্ল্যাজেলা হল প্যারামেসিয়ামের গমন অঙ্গ। (হ্যাঁ / না)

2.5 একটি বায়ুপরাগী ফুলের উদাহরণ দাও।

2.6 2, 4-D এর পুরো নাম কী?

2.7 পশ্চিমবঙ্গে অবস্থিত একটি জাতীয় উদ্যানের নাম লেখো।

2.8 অ্যামিবার গমন অঙ্গের নাম লেখো।

2.9 কোন্ রাসায়নিক পদার্থ এক নিউরোন থেকে অন্য নিউরোনে স্নায়ুস্পন্দন পরিবহন করে?

2.10 একটি নাইট্রিফাইং ব্যাকটেরিয়ার নাম লেখো।

2.11 **সম্পর্ক অনুযায়ী 'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভের বাক্যাংশ মিলিয়ে দুটি সম্পূর্ণ বাক্য তৈরি করো (যে-কোনো দুটি) :** $1 \times 2 = 2$

'ক'	'খ'
i) কারসিনোজেন	a. মস্তিক ও সুষুম্না কাণ্ড
ii) কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের প্রধান প্রধান অংশ	b. 2n
iii) জাইগোটের ক্রোমোজোম প্রকৃতি	c. নিকোটিন
	d. 3n
	e. সুষুম্নীয় স্নায়ু ও করোটিক স্নায়ু

বিভাগ - গ

3. যে-কোনো সাতটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : $2 \times 7 = 14$

3.1 উদ্ভিদ কী কী রূপে মাটি থেকে নাইট্রোজেন গ্রহণ করে?

3.2 গ্রিনহাউস গ্যাসগুলির নাম উল্লেখ করো।

3.3 এমন দুটি প্রাকৃতিক দুর্যোগের ঘটনা উল্লেখ করো যার প্রভাবে জীববৈচিত্র্যের সংখ্যা হ্রাস পায়।

3.4 হাঁপানি রোগের দুটি কারণ লেখো।

3.5 উদ্ভিদের ট্রপিক চলন নিয়ন্ত্রণকারী হরমোনের নাম কী? উহা কোন্ অংশ থেকে নিঃসৃত হয়?

3.6 অন্তঃক্ষরা ও বহিঃক্ষরা গ্রন্থির দুটি পার্থক্য লেখো।

3.7 চোখের প্রতিসারক মাধ্যমগুলির নাম লেখো।

3.8 মিয়োসিস কোশ বিভাজন পদ্ধতিকে হ্রাস বিভাজন বলে কেন?

3.9 অ্যাক্সন ও ডেনড্রন-এর দুটি পার্থক্য লেখো।

3.10 ইতর পরাগযোগ-এর দুটি তাৎপর্য লেখো।

3.11 যৌনজনন ও অযৌনজনন-এর দুটি পার্থক্য লেখো।

3.12 বল ও সকেট সন্ধি কী? উদাহরণ দাও।

বিভাগ - ঘ

4. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 2 = 10$

4.1 জীববৈচিত্র্যের হটস্পট কাকে বলে? দুটি অঞ্চলের মধ্যে একটিকে জীববৈচিত্র্য হটস্পট বলে ঘোষণা করতে চাইলে কী কী শর্ত তুমি বিবেচনা করবে? 2+3= 5

4.2 গ্লোবাল ওয়ার্মিং কী? পরিবেশের ওপর গ্লোবাল ওয়ার্মিং-এর ক্ষতিকারক প্রভাবগুলি সংক্ষেপে লেখো। 2+3= 5

অথবা

দ্বিপদগমন কী? মানুষের দ্বিপদগমন পদ্ধতি সংক্ষেপে উল্লেখ করো। 2+3= 5

4.3 ক্রোমোজোমের একটি পরিচ্ছন্ন চিত্র অঙ্কন করে তার যে-কোনো চারটি অংশ চিহ্নিত করো। 3+2= 5

4.4 প্রাণী কোশের মাইটোসিস কোশ বিভাজনের অ্যানাফেজ দশার চিত্র অঙ্কন করে তার যে-কোনো চারটি অংশ চিহ্নিত করো। 3+2= 5

দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য বিকল্প প্রশ্ন

4.3 ক্রোমোজোমের গঠন ও কাজ সংক্ষেপে লেখো। 3+2= 5

4.5 প্রাণীকোশের মাইটোসিস কোশ বিভাজনের অ্যানাফেজ দশার পরিবর্তনগুলি সংক্ষেপে লেখো। মাইটোসিস কোশ বিভাজনকে কেন সমবিভাজন বলা হয়? 3+2= 5

SAMPLE QUESTIONS

Subject : Life Science and Environment

Time : 2 Hours 15 Minutes **F.M. - 40**

বিভাগ — ক

1. সঠিক উত্তরটি বেছে নিয়ে বাক্যটি সম্পূর্ণ করে লেখো : $1 \times 8 = 8$

1.1 স্নায়ুতন্ত্রের গঠনগত ও কার্যগত একক হল —

(i) নেফ্রন (ii) নিউরোন

(iii) ক্রোমোজোম (iv) হরমোন

1.2 অ্যামিবার গমন অঙ্গ হল —

(i) সিলিয়া (ii) ফ্লাজেলা

(iii) ক্ষণপদ (iv) পাখনা

1.3 বাহকের প্রয়োজন হয় না যে প্রকার পরাগযোগে তা হল —

(i) স্বপরাগযোগ (ii) ইতরপরাগযোগ

(iii) বায়ু পরাগযোগ (iv) পাখি পরাগযোগ

1.4 মানবদেহের ডিম্বাণুকোশে ক্রোমোজোম সংখ্যা হল—

(i) ২৩টি (ii) ২৩ জোড়া

(iii) ৪৬ জোড়া (iv) ২২টি

1.5 একটি এক্সসিটু সংরক্ষণ নয়—

(i) ক্রায়োসংরক্ষণ (ii) চিড়িয়াখানা

(iii) অভয়ারণ্য (iv) বটানিক্যাল গার্ডেন

1.6 বায়ুতে নাইট্রোজেন এর পরিমাণ —

(i) ২০ শতাংশ (ii) ৫০ শতাংশ

(iii) ৭৭.১৭ শতাংশ (iv) ২০.০৬ শতাংশ

1.7 সূর্য-শিশির গাছের পাতায় পতঙ্গ স্পর্শ করা মাত্র কর্ষিকা বন্ধ হয়— এটি কোন্ ধরনের চলন?

(i) ফাটোন্যাস্টি (ii) থার্মোন্যাস্টি

(iii) সিসমোন্যাস্টি (iv) কেমোন্যাস্টি

1.8 মাইটোসিস কোশ বিভাজনে নিউক্লিওলাস-এর পুনরাবির্ভাব ঘটে —

(i) প্রফেজ (ii) মেটাফেজ

(iii) অ্যানাফেজ (iv) টেলোফেজ দশায়

বিভাগ - খ

2. একটি বাক্যে উত্তর দাও (যে-কোনো আটটি) : $1 \times 8 = 8$

2.1 ভূনিম্নস্থ কাণ্ডের মাধ্যমে বংশবিস্তার করে _____ উদ্ভিদ।

2.2 একটি অ্যামোনিফাইং ব্যাকটেরিয়া হল _____ ।

2.3 ভ্রূণমুকুল থেকে অপত্য উদ্ভিদের বিটপ গঠিত হয়। (হ্যাঁ / না)

2.4 রসস্ফীতি জনিত চাপ কমলে বনচাঁড়াল-এর ফলক দ্রুত ওঠানামা করতে পারে। (হ্যাঁ / না)

2.5 ডাবের জলে কোন হরমোন থাকে?

2.6 মানুষের মেরুদণ্ডে কশেরুকা খণ্ডক কয়টি?

2.7 মাছের শিরদাঁড়ার দুই পাশে লেগে থাকা 'V' আকৃতির পেশির নাম কী?

2.8 DNA এর সম্পূর্ণ নাম লেখো।

2.9 কোশ বিভাজনের ইন্টারফেজের কোন দশায় DNA সংশ্লেষ হয়?

2.10 কত ডেসিবেল-এর উপরের শব্দকে দূষণযুক্ত শব্দ বলে?

2.11 **সম্পর্ক অনুযায়ী 'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভের বাক্যাংশ মিলিয়ে দুটি সম্পূর্ণ বাক্য তৈরি করো (যে-কোনো দুটি) :** $1 \times 2 = 2$

'ক' স্তম্ভ	'খ' স্তম্ভ
i) থাইরক্সিন নিঃসৃত হয়	a. হটস্পট ধারণাটি প্রবর্তন করেন
ii) প্রকৃতির বৃক্ক বলা হয়	b. বায়োডাইভারসিটি
iii) নরম্যান মায়ার্স	c. থাইরয়েড গ্রন্থি থেকে
	d. অ্যাড্রিনাল গ্রন্থি থেকে
	e. জলাভূমিকে

বিভাগ - গ

3. যে-কোনো সাতটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : $2 \times 7 = 14$

3.1 DNA ও RNA এর দুটি পার্থক্য লেখো।

3.2 মাইটোসিসকে সমবিভাজন বলে কেন?

3.3 হাঁপানি কী? হাঁপানির একটি কারণ লেখো।

3.4 জীব বৈচিত্র হটস্পট কাকে বলে।

3.5 ট্রপিক ও ন্যস্টিক চলনের দুটি পার্থক্য লেখো।

3.6 প্রজেস্টেরন হরমোন-এর দুটি কাজ লেখো।

3.7 বামনত্ব রোগের একটি উপসর্গ ও কারণ লেখো।

3.8 গ্রিন হাউস গ্যাস কী? দুটি গ্রিন হাউস গ্যাসের নাম লেখো।

3.9 মানুষের গমনে ভারসাম্য রক্ষায় সাহায্য করে কোন্ অংশ?

3.10 মিয়োসিস কোশ বিভাজন-এর বিশেষত্ব লেখো।

3.11 কোন্ সময়কালকে বয়ঃসন্ধিকাল বলে? এই দশায় মানব শরীরের একটি পরিবর্তন লেখো।

3.12 পিপল বায়োডাইভারসিটি রেজিস্টার কী?

বিভাগ - ঘ

4. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 2 = 10$

4.1 দূষণ কাকে বলে? মানুষের ক্রিয়াকলাপে নাইট্রোজেনের পরিমাণ বেড়ে গিয়ে নাইট্রোজেন চক্র বিঘ্নিত হয়—এরকম তিনটি ঘটনা উল্লেখ করো। 2+3=5

4.2 নিষেক কাকে বলে? সপুষ্পক উদ্ভিদের নিষেক প্রক্রিয়াটি সংক্ষেপে লেখো। 2+3=5

অথবা

জীব বৈচিত্র কাকে বলে? জীব বৈচিত্র্য-এর গুরুত্ব লেখো। 2+3=5

4.3 মানব চক্ষুর লম্বচ্ছেদের একটি পরিচ্ছন্ন চিত্র অঙ্কন করে তার যে-কোনো চারটি অংশ চিহ্নিত করো। 3+2=5

4.4 আদর্শ নিউরোনের একটি পরিচ্ছন্ন চিত্র অঙ্কন করে তার যে-কোনো চারটি অংশ চিহ্নিত করো। 3+2=5

দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য বিকল্প প্রশ্ন

4.3 প্রাণীকোশের মাইটোসিস কোশ বিভাজনের প্রফেজ দশার বৈশিষ্টগুলি লেখো। ক্রোমোজোম কাকে বলে? 3+2=5

4.4 একটি সম্পূর্ণ ফুলের গঠনগত অংশগুলির বর্ণনা দাও। 5

Subject : Life Science and Environment

Time : 2 Hours 15 Minutes **Full Marks - 40**

বিভাগ — ক

1. সঠিক উত্তরটি বেছে নিয়ে বাক্যটি সম্পূর্ণ করে লেখো : $1 \times 8 = 8$

1.1 আলোর তীব্রতা নির্ভরশীল উদ্ভিদ বক্রচলনকে বলে —

(i) ফটোট্রপিক চলন (ii) থার্মোন্যাস্টিক চলন

(iii) ফটোন্যাস্টিক চলন (iv) ফটোট্যাকটিক চলন

1.2 পর্বমধ্যের বৃদ্ধি নিয়ন্ত্রক হরমোনটি হল —

(i) অক্সিন (ii) সাইটোকাইনিন

(iii) জিব্বেরেলিন (iv) 2, 4 -D

1.3 কোশচক্রের কোন দশায় DNA- র দ্বিত্বকরণ ঘটে?

(i) G_1 - দশা (ii) S - দশা

(iii) G_2 - দশা (iv) M - দশা

1.4 মূত্রে জলের পরিমাণ নিয়ন্ত্রণকারী হরমোনটি হল —

(i) ACTH (ii) GTH

(iii) ADH (iv) TSH

1.5 প্রাণীকোশে মাইটোসিস কোশ বিভাজনের সময়ে বেমতন্তু গঠন করে —

(i) গলগিবডি (ii) মাইটোকনড্রিয়া

(iii) সেন্ট্রিওল (iv) লাইসোজোম

1.6 নীচের কোন প্রাণীটি অযৌন জনন সম্পন্ন করে?

(i) ব্যাং (ii) পাখি

(iii) অ্যামিবা (iv) কেঁচো

1.7 নাইট্রোজেন স্থিতিকারী স্বাধীনজীবী জীব হল —

(i) ক্লসট্রিডিয়াম (ii) অ্যাজোটোব্যাকটর

(iii) 'i' ও 'ii' - উভয়ই (iv) কোনোটিই নয়

1.8 বর্তমানে ভারতে হটস্পট-এর সংখ্যা হল —

(i) 02 টি (ii) 03 টি

(iii) 32 টি (iv) 04 টি

বিভাগ - খ

2. একটি বাক্যে উত্তর দাও (যে-কোনো আটটি) : $1 \times 8 = 8$

2.1 মানব মস্তিষ্কের তিন স্তরবিশিষ্ট ঝিল্লি আবরণীকে একত্রে _____ বলে।

